সুদক্ষ ট্রেনার দ্বারা Two / Four Wheeler ড্রাইভিং শেখানো হয়।
City The dream come true
SAFE DRIVE SAVE LIFE
Driving School
+91 7872 68 68 61
Ramkrishna Mission More, Malda.

জরুরী

আমার শহর

অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

১১ / ৬১০ aamaarshahor.com

মালদা ২ অগ্রহায়ণ, ১৪৩৩ বৃহস্পতিবার, ১৯ নভেম্বর, ২০২৬ ২৪ বর্ষ ১৪ তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য

বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

মধ্য শিক্ষা পর্ষদ অনুমোদিত
সবুজ সংঘ শিশু অঙ্গন স্থাপিত ১৯৭৫
ভর্তি-২০২৭
অ্যাডমিশন ফর্মের জন্য স্ক্যান করুন

ওঁ পাথর ছাড়াই প্রতিকার সম্ভব
জগদম্বা জ্যোতিষ কেন্দ্র
মালদা # 9332056956

মালদা শহরের বিভিন্ন সংস্থার দ্বারা আয়োজিত এবারের
শারদ সম্মান

প্রেস ক্লাব অফ নর্থবেঙ্গল মালদা শাখার উদ্যোগে

❁ শরৎপল্লী সর্বজনীন (মহিলা পরিচালিত) দুর্গোৎসব কমিটি ❁ ২নং গভঃ কলোনি সর্বজনীন দুর্গোৎসব কমিটি ❁ ১নং গভঃ কলোনি দুর্গোৎসব কমিটি, (অনীক সংঘ) ❁ হায়দারপুর অগ্রণী ক্লাব। ❁ মহেশমাটি অভিযান সংঘ ❁ মালদা ঝঙ্কার ক্লাব ❁ পিরোজপুর উজ্জ্বল ক্লাব ❁ মালদা শিবাজী সঙ্ঘ ❁ মালদা কৃষ্ণ কালিতলা কল্যাণ সমিতি ❁ অতুল মার্কেট সার্বজনীন দুর্গোৎসব কমিটি ❁ জয় মেমোরিয়াল ক্লাব।

'উত্তরবঙ্গ সংবাদ'

বাংলা দৈনিক সংবাদপত্রের বিচারে মালদার যে পূজা কমিটিগুলি এবার পুরস্কার পেল

❁ প্রথম - সর্বজয়ী ক্লাব, মনস্কামনা রোড, ❁ দ্বিতীয় - আমরা সবাই ক্লাব, রবীন্দ্র ভবন মোড়, ❁ তৃতীয় - ব্ল্যাক ডায়মন্ড ক্লাব, গাজোল ❁ কম বাজেটের সেরা নবাগত ক্লাব, ঘোষপাড়া, মঙ্গলবাড়ি।

মালদা জার্নালিস্ট ক্লাব আয়োজিত 'শারদ সম্মান-২০২৬'

সেরা ১২

সমিতি, সদরঘাট পুরাটুলি ক্লাব, ✤ আমার সবাই, ✤ মালদা ঝংকার ক্লাব, ✤ পুরাটুলি স্পোর্টিং ক্লাব, ✤ ইউনাইটেড ইয়ংস, ✤ দিলীপ স্মৃতি সংঘ, ✤ হায়দারপুর অগ্রণী ক্লাব।

মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স-এর

পেল যে দশটি পূজা কমিটি

❁ মালদা শিবাজী সংঘ, সর্বজয়ী ক্লাব, ❁ দক্ষিণ বালুচর সর্বজনীন দুর্গোৎসব কমিটি, ❁ পুড়াটুলী স্পোর্টিং ক্লাব, ❁ ২নং গভঃ কলোনী সর্বজনীন দুর্গোৎসব কমিটি, ❁ অতুল মার্কেট সর্বজনীন দুর্গাপূজা কমিটি, ❁ ঘোড়াপীর সর্বজনীন দুর্গোৎসব কমিটি, ❁ কুতুবপুর নয়াগ্রাম হিমালয় সংঘ, ❁ নবাগত ক্লাব, ❁ আমরা সবাই ক্লাব।

দেবি দুর্গা সম্মান ২০২৬ (মালদা)

সেরা পুজো

মালদা শিবাজী সংঘ, অনীক সংঘ, শান্তিভারতী পরিষদ।

সেরা মণ্ডপ

মৈত্রী সংসদ, চাঁচল
সাহাপুর যাদব সমিতি,
পুরাটুলী স্পোর্টিং ক্লাব।

সেরা প্রতিমা

মার্কেটিং-এর কাজে কর্মী চাই
FROM THE HOUSE OF RADHARANI GHEE
Radharani
মালদায় ডেয়ারী প্রোডাক্টস-এর
মার্কেটিং-এর কাজে
তরুণ প্রার্থী আবশ্যক।
প্রার্থীদের কথা বলাতে সাবলীল এবং স্বাচ্ছন্দ্য বোধ থাকা চাই।
অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার।
অতি সত্বর আবেদন করুন।
E-mail : himalayafood1992@gmail.com
Contact : 7001170592

নালাগঞ্জ ইউনাইটেড ক্লাব, সাহাপুর যুবক সমিতি, মালদা কৃষ্ণকালীতলা কল্যাণ সমিতি ও গ্রন্থাগার।

সেরা পুজোর সম্মান

মালদা জেলা প্রশাসনের বিচারে এবার সেরা পুজোর জন্য

'দেবি দুর্গা সম্মান" পেল

মালদা শিবাজী সংঘ, অনীক সংঘ ও শান্তিভারতী পরিষদ।

সেরা মণ্ডপের পুরস্কার পেল

চাঁচল মৈত্রী সংঘ, সাহাপুর যাদব সমিতি ও পুড়াটুলি স্পোর্টিং ক্লাব।

সেরা প্রতিমার স্বীকৃতি পেল

বিবেকানন্দ ক্রীড়া চক্র, চাঁচলের বিবেকানন্দ স্মৃতি সমিতি ও মহানন্দাপল্লী সুকান্ত স্মৃতি সংঘ।

সেরা সমাজ সচেতনতার জন্য

পুরস্কার পেল নালাগঞ্জ ইউনাইটেড ক্লাব, সাহাপুর যুবক সমিতি ও কৃষ্ণকালীতলা কল্যাণ সমিতি ও গ্রন্থাগার। মালদা প্রেস অ্যান্ড ফটোগ্রাফারস অ্যাসোসিয়েশনের 'দুর্গোৎসব শ্রেষ্ঠত্ব সম্মান-২০২৬' পেল ইউনাইটেড ক্লাব (২নং গভঃ কলোনী), আমরা ক'জন (রবীন্দ্রভবন মোড়), পুড়াটুলি স্পোর্টিং ক্লাব, বালুচর কল্যাণ সমিতি, সর্বজয়ী ক্লাব (মনস্কামনা রোড), গয়েশপুর মঙ্গল সমিতি, নাট মন্দির (পুড়াটুলি), এয়ারভিউ কমপ্লেক্স অ্যাসোসিয়েশন, হিমালয় সংঘ (কুতুবপুর), নবীন সংঘ (পুরাতন মালদা)।

শ্রেষ্ঠ মৃৎশিল্পী বিবেক দাস ও শ্রেষ্ঠ কারুশিল্পী অসীম মালাকার।

আনন্দম শিক্ষা নিকেতন
প্রি-নার্সারী, নার্সারী, কে.জি. ও প্রাথমিক বিদ্যালয় মো ঃ ৯৭৩৫০ ৯৩৪৪২
উত্তর সিঙ্গাতলা (তিতাস ক্লাবের নিকটে), মালদা
ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ ২০২৭
আগামী ২০২৭ শিক্ষাবর্ষে প্রি-নার্সারী (বয়স ২+), নার্সারী (বয়স ৩+) থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত খালি আসন সংখ্যা অনুসারে
ভর্তির ফর্ম দেওয়া ও ভর্তি নেওয়া চলছে।
সময় ঃ সকাল ১১টা থেকে বেলা ৩টা (শনিবার ১১টা থেকে ১টা)
(উপরের লিখিত ভর্তির বয়স ১.১.২০২৭-এর ক্ষেত্রে প্রযোজ্য)

পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তম পুর নিগম হয়ে উঠতে চলেছে শিলিগুড়ি!
এবার শিলিগুড়িকে কেন্দ্র করেই তৈরী হবে
উত্তরবঙ্গের নতুন অর্থনীতি

সুমন বসু রায় ঃ বাগডোগরা, ডাবগ্রাম-ফুলবাড়ি সহ বহু জায়গা শিলিগুড়ি পুর নিগমের অন্তর্ভুক্ত হলে শিলিগুড়ির আয়তন শুধুমাত্র বাড়বে না, এই অঞ্চলের ব্যাপক উন্নতি হবে। আমি ব্যক্তিগতভাবে মনে করি শীঘ্রই শিলিগুড়িকে একটি পূর্ণাঙ্গ জেলার মর্য্যাদা দেবে রাজ্য সরকার। আর এটা একটা যুক্তিগ্রাহ্য দাবী। শিলিগুড়ি নিয়ে বিশাল কোনো পরিকল্পনা আছে সরকারের, এটা মুখ্যমন্ত্রীর কথাতেই পরিস্কার হয়ে গিয়েছে। তিনি শিলিগুড়িতে IIT বা সমতুল্য শিক্ষা প্রতিষ্ঠিন গড়ার প্রতিশ্রুতি দিয়েছেন। অন্যদিকে সেভক থেকে সিকিম রেল যোগাযোগ তৈরী হচ্ছে। প্রচুর ট্রেন পাচ্ছে করে বিমানবন্দর তৈরীর পরিকল্পনা রয়েছে। বর্তমান বিজেপি সরকার উত্তরবঙ্গের সব জেলার সার্বিক উন্নয়নের জন্য আগামী কয়েক বছরকে লক্ষ্যমাত্রায় রেখেছে। বিজেপির বিধায়ক ও সাংসদরা চাইছেন শিলিগুড়িকে কেন্দ্র করে একটা মেট্রো পরিষেবা চালু হোক। সব ঠিক থাকলে বাগডোগরা থেকে NJP পর্যন্ত একটা মেট্রো পরিষেবার সার্ভে করা হবে শীঘ্রই। সেই পরিকল্পনা বাস্তবের মুখ দেখলে শীঘ্রই এই পরিষেবায় অন্য জেলাগুলো যুক্ত হতে পারবে।

শিলিগুড়ির বিস্তার ও উত্তরণ এখন শুধুমাত্র সময়ের অপেক্ষা। উল্লেখ্য ১৯৬৮ সালে উত্তরবঙ্গ মেডিক্যাল



শিলিগুড়ি। যে ৭টি নতুন হাইস্পীড রেল করিডর তৈরী হচ্ছে তার মধ্যে আছে শিলিগুড়ি। শিলিগুড়ির বাগডোগরাকে কেন্দ্র করে এই অঞ্চলে একটা বিমান সার্কিট গড়ে উঠবে। সব জেলায় একটা কলেজের স্থাপনার পর থেকেই শিলিগুড়ির শ্রীবৃদ্ধি শুরু হয়। জলপাইগুড়িতে ১৯৬৮ সালের বন্যা সমৃদ্ধ জলপাইগুড়িকে এক নিমেষেই অনেক দশক পিছিয়ে দেয়। এরপর ১৯৯১-১৯৯২ সালে অশোক ভট্টাচার্য্যের হাত ধরে শিলিগুড়ির দ্রুত গতিতে উত্তরণ শুরু হয়েছিল। এবার শিলিগুড়ি শহর রয়েছে বৈপ্লবিক পরিবর্তনের সন্ধিক্ষণে।

পাঠকের মতামত ঃ শিলিগুড়ি পৃথক জেলা হলে নিউ জলপাইগুড়ি স্টেশন যুক্ত হবে নতুন জেলায়, তখন এই স্টেশনের নাম বদল অবশ্যম্ভাবী। আর এটা করাও প্রয়োজন। 'নিউ জলপাইগুড়ি' নামের অজুহাতে জলপাইগুড়ি রোড স্টেশনকে রেল সঠিক গুরুত্ব দেয়না। ফলে পর্যাপ্ত রেল পরিষেবা থেকে বঞ্চিত হয়েই রয়েছে জলপাইগুড়ি শহর ।

বর্তমানে 40+40 টি ট্রেন জলপাইগুড়ি রোড স্টেশনে স্টপেজ নেই তার মধ্যে ৫২ টি ট্রেন নন- সুপার ফাস্ট তবুও স্টপ নেই। NJP স্টেশনসহ শিলিগুড়ি পৃথক জেলা হোক।

DMR MERCY HOSPITAL PVT LTD
Mercy and Care Hand in Hand

নিয়োগ বিজ্ঞপ্তি

DMR Mercy Hospital-এ কাজের জন্য নিম্নলিখিত পদগুলিতে যোগ্য প্রার্থী নিয়োগ করা হচ্ছে।

পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য দক্ষতা
X-Ray Technician	১	স্বীকৃত প্রতিষ্ঠান থেকে Radiography / X-Ray Technology-তে ডিপ্লোমা।	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
Receptionist (Female)	১	ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ। কম্পিউটারের সাধারণ জ্ঞান ও ভালো যোগাযোগ দক্ষতা থাকতে হবে।	রোগী ও তাঁদের পরিবারের সঙ্গে ভদ্র ব্যবহার, ফোন কল পরিচালনা এবং রেজিস্ট্রেশনের কাজে দক্ষ হতে হবে।

আবেদনের নিয়মাবলি
বেতন: যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী আলোচনা সাপেক্ষে।
আবেদনের শেষ তারিখ: ১০ নভেম্বর, ২০২৬
আবেদন পদ্ধতি: আগ্রহী প্রার্থীদের তাঁদের আপডেটেড CV WhatsApp-এর মাধ্যমে পাঠাতে হবে।
WhatsApp: 89067 71810
Jadupur (Gabgachi) English Bazar, Malda | 9732793209 9734964443 | dmrmercy.com FOLLOW US :

আপনার নিজের টেলিফোন ডিরেক্টরি

আপনি যদি ক্ষুদ্র, মাঝারি বা বৃহৎ... যেকোন ধরণের ব্যবসা বা পরিষেবার সাথে যদি যুক্ত থাকেন এবং আপনার সাথে যোগাযোগের ও পরিষেবা সংক্রান্ত যাবতীয় তথ্য বিনা ব্যয়ে যদি এই ডিরেক্টরি'তে প্রকাশ করতে চান, তাহলে 9233 44 4546 নম্বরে হোয়াটস-অ্যাপের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য পাঠান।

আপনি যে সমস্ত তথ্য প্রকাশ করতে পারবেন
✦ আপনার নিজের নাম (আধার অনুযায়ী)
✦ আপনি যে নামে গ্রাহক/ পরিচিতদের কাছে বেশি পরিচিত।
✦ আপনার প্রতিষ্ঠানের নাম (ট্রেড লাইসেন্স বা অন্য কোন সরকারি নথি অনুযায়ী)
✦ যোগাযোগের ঠিকানা
✦ যোগাযোগের নম্বর (একটি)
✦ ইমেইল আইডি/ ওয়েবসাইট (যদি থাকে)
✦ নিজের মুখমণ্ডলের ছবি/ ব্যবসায়িক প্রতিষ্ঠানের লোগো
✦ পরিষেবার পূর্ণাঙ্গ বিবরণ (টেক্সট আকারে)
✦ যে ক্যাটাগরিতে আপনার নাম বা প্রতিষ্ঠানের নাম প্রকাশ করতে চান (এক বা একাধিক)
উপরোক্ত তথ্য ব্যতীত আরো কিছু প্রকাশ করতে চাইলে জানান।
যেকোনো পরামর্শের জন্য 9233 44 4546 নম্বরে ফোন করুন।
যে ওয়েবসাইটে আপনার তথ্য প্রকাশিত হবে
www.teleguide.in

দৈনিক সংবাদপত্রে শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন দিলেই একই বয়ান ওয়েবসাইটে বিনামূল্যে POST করার সুযোগ পান
আপনিও এই সুযোগ পাচ্ছেন তো?
Call / Wapp : 9233 44 45 46
*নির্বাচিত কলমগুলিতে এই অফার প্রযোজ্য।

Tele Guide
খুঁজে পাইপলকে
মালদা জেলার ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী এবং পরিষেবা প্রদানকারী ব্যক্তি বা সংস্থারা নিজেদের প্রসার বাড়াতে ও নতুন গ্রাহক খুঁজে পেতে টেলিগাইডে বিনামূল্যে নাম এবং ব্যবসার বিবরণ রেজিস্টার করুন।

ক্লাসিফায়েড এবং ডিসপ্লে- ক্লাসিফায়েড বিজ্ঞাপন একসাথে ২ বারের জন্য বুক করলে তৃতীয়বার প্রকাশিত হবে বিনামূল্যে।
WApp - 9233 44 45 46

স্বামী বিবেকানন্দ অ্যাকাডেমি (হাই স্কুল)
VIVEKNAGAR, JHALJHALIA, MALDA - 732102
(পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদিত বাংলা মাধ্যম কো-এডুকেশনাল বিদ্যালয়)
Index No. R1-269
Udise+ Code: 19061602310
AN INITIATIVE OF SRJB MEMORIAL TRUST
অনলাইন ফর্ম ফিলাপ শুরু হয়েছে
ফর্ম ফিলাপের জন্য QR কোডটি স্ক্যান করুন
ADMISSIONS OPEN
FOR ACADEMIC YEAR 2027
DEDICATED & QUALIFIED FACULTY, MODERN INFRASTRUCTURE, MORAL VALUES & CHARACTER BUILDING, SPORTS, ARTS & CULTURAL ACTIVITIES, SAFE & STUDENT-CENTRIC CAMPUS, TRANSPORT FACILITIES, AIR CONDITIONED CLASSROOMS, AI & ROBOTICS IMPLEMENTED CLASSES.
শিক্ষাবর্ষ : ২০২৭
ভর্তি চলিতেছে
নার্সারি থেকে নবম শ্রেণি পর্যন্ত
CLASS : I - IX
ADMISSION TEST ON 08/10/2026
8967939932 / 7363048704
8910737829 / 7363048701
sva.info.new@gmail.com

✤ শিবাজী সংঘ, ✤ ২নং কলোনি, ইউনাইটেড ক্লাব ও লাইব্রেরি, ✤ সর্বজয়ী ক্লাব, ✤ প্রান্তপল্লি সর্বজনীন দুর্গোৎসব কমিটি, ✤ অনীক সংঘ, ✤ সাহাপুর যুবক বিবেকানন্দ ক্রীড়া চক্র, বিবেকানন্দ স্মৃতি সমিতি, চাঁচল মহানন্দাপল্লী সুকান্ত স্মৃতি সংঘ।

সেরা সমাজ সচেতনতা

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী
নভেম্বর - ডিসেম্বর : ২০২৬

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
19.11.2026	05:56 ↑ (115°)	16:48 ↑ (245°)
20.11.2026	05:57 ↑ (115°)	16:48 ↑ (245°)
21.11.2026	05:58 ↑ (115°)	16:48 ↑ (245°)
22.11.2026	05:58 ↑ (115°)	16:48 ↑ (245°)
23.11.2026	05:59 ↑ (115°)	16:47 ↑ (245°)
24.11.2026	06:00 ↑ (115°)	16:47 ↑ (245°)
25.11.2026	06:00 ↑ (115°)	16:47 ↑ (245°)
26.11.2026	06:01 ↑ (115°)	16:47 ↑ (245°)
27.11.2026	06:02 ↑ (115°)	16:47 ↑ (245°)
28.11.2026	06:03 ↑ (115°)	16:47 ↑ (245°)
29.11.2026	06:03 ↑ (115°)	16:47 ↑ (245°)
30.11.2026	06:04 ↑ (115°)	16:47 ↑ (245°)
01.12.2026	06:05 ↑ (115°)	16:47 ↑ (245°)
02.12.2026	06:05 ↑ (115°)	16:47 ↑ (245°)
03.12.2026	06:06 ↑ (115°)	16:47 ↑ (245°)
04.12.2026	06:07 ↑ (115°)	16:47 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

লাইফ সার্টিফিকেট করার সময় যে তথ্যগুলি সাথে রাখতে হবে

1. P.P.O. Book with latest PPO No.
2. Aadhaar Card
3. Linked mobile No. with recharged handset.
4. Bank Pass Book - Post Office Pass Book

যেখানে পেনশন জমা পড়ে।

দেখছি যেমন আরশিতে

জোতহীন জমিদার

খনির অন্ধকারে কয়লা শুধু নয়,
হিরেও নিভৃতে স্বপ্ন দেখে চুপ করে–
অহল্যার মতো পথ চেয়ে বরাভয়
পেতে চায় রাঘবের হাতদুটি ধরে।
ব্রহ্মাণ্ডের ওমধ্বনি নিত্য সুরণন,
বরফের নিচেও উত্তপ্ত লাভাস্রোত;
তারাদের মিছিলে মৃতও অগণন,
ভাবনায় জমিদার কিন্তু নেই জোত।

নিঃশব্দ দহন

গলা ও মাইকে ভরসা মেলে না তাই বারুদ–
ধোঁয়ার পোশাকে শব্দশরীর বাড়ছে দ্রুত,
বাজনা-দাপুটে গান বেজে যায়– নেশায় বুঁদ,
মানবমনের দানব-পিপাসা কি অনাহুত?
আরাধনা নয়– হিংসা রক্তে অপবিত্র–
পাপ-উপাচার কুযুক্তিতে মাথায় ওঠে;
লালসাবিলাসী রসনা মেটাতে নিধন মিত্র!
তবু আশা যদি প্রেমের রজনীগন্ধা ফোটে।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন - 9233 44 45 46 এই নম্বরে।

কেবলমাত্র মালদা জেলার ছোট ও মাঝারি ধরণের ব্যবসায়ী ও বিভিন্ন ধরণের পরিষেবা প্রদানকারী ব্যক্তিরা অবগত হোন।

প্রফেশনাল ব্যক্তিরা বা যেকোন ধরণের ব্যবসা বা পরিষেবার সাথে যুক্ত ব্যক্তিরা নিজেদের পেশাগত বাণিজ্যিক তথ্য বা ব্যবসায়িক তথ্য সম্ভাব্য সকল গ্রাহকদের কাছে পৌঁছে দিতে বিনা খরচে গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় ওয়েবসাইট teleguide.in -এ রেজিস্টার করুন।

আপনার ব্যক্তিগত বা প্রতিষ্ঠানের নাম, যোগাযোগের ঠিকানা, ফোন/ মোবাইল, হোয়াটসঅ্যাপ নম্বর, লোকেশন লিংক, যেসব পরিষেবা দিয়ে থাকেন তার বিশদ তথ্য 9233 44 4546 নম্বরে হোয়াটসঅ্যাপ বা এস.এম.এস করুন।

যে তথ্যগুলি প্রকাশ করতে চান তার সত্যতা বিচারে আধার কার্ড, ট্রেড লাইসেন্স, ভিজিটিং কার্ড -এর ছবি পাঠালে তথ্য প্রকাশে অগ্রাধিকার দেওয়া হবে।

আপনি আপনার যে সমস্ত তথ্য গ্রাহকদের জানাতে চান তা লিপিবদ্ধ করে হোয়াটসঅ্যাপ করুন।

এ বিষয়ে আরো জানতে টেক্সট করুন।

হেল্পলাইন - 9233 44 45 46



বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

• ভকত 24/5′2″ M.A., Eng. অনার্স, সুশ্রী, পিতা ব্যবসায়ী পাত্রীর জন্য সঃ চাকুরে বা প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। ধুলিয়ান। M - 9733225566. NP-0640

• বৈশ্য সাহা 34/5′4″ M.A., B.Ed., মালদা, H.S. শিক্ষিকা (স্থায়ী) পাত্রীর সঃ চাকুরে / প্রতিষ্ঠিত পাত্র কাম্য। M - 95475 34931. NP-0409

• পূঃ বঃ বৈশ্য সাহা, নরগণ, মালদা নিবাসী 30/5′ B.Tech. (Com. Sci.), রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কর্মরতা পাত্রীর সরকারী চাকুরীজীবি / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র চাই। M - 74790 94862. NP-0638

ডিভোর্সি, হিন্দু 32/5′2″ ফর্সা, স্নাতক, সংগীত শিল্পী পাত্রীর জন্য উপযুক্ত অনূর্ধ্ব 38 সুপাত্র চাই। শুধু মালদা / পার্শ্ববর্তী জেলা থেকে যোগাযোগ করুন। M - 86375 75353. NP-0624

পাত্র চাই

• মাহিষ্য 32/5′3″ স্নাতক, সুশ্রী পাত্রীর (গালে অল্প শ্বেতী) জন্য সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 96148 68917. NP-0584

• কর্মকার 28/5′3″ বি.এস.সি., নার্সিং, উঃ শ্যামবর্ণা, স্থায়ী নার্স পদে কর্মরতা। একমাত্র কন্যা। দাবীহীন উপযুক্ত প্রতিষ্ঠিত পাত্র চাই। M - 9832535785. NP-0639

• কায়স্থ, লাহা 26+/5′3″ B.Tech., কর্মরতা, ফর্সা, সুশ্রী পাত্রীর জন্য উপযুক্ত শিক্ষিত, সরকারী চাকুরে পাত্র কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। M - 9734182101. NP-0596

কায়স্থ 31+/5′ B.Sc., Math. (Hons.), CU, B.Ed., একমাত্র কন্যার জন্য সরকারী চাকুরে ছোট পরিবারের পাত্র কাম্য। M - 98001 69893. NP-0532

পাত্র চাই

• পূঃবঃ বৈশ্য সাহা 35/5′3″ স্কুল শিক্ষিকা (H.S.) পাত্রীর জন্য সঃ চাঃ পাত্র চাই (মালদা)। M - 9851146026. NP-0517

হরিশ্চন্দ্রপুর নিবাসী, প্রতিষ্ঠিত ব্যবসায়ী পিতার একমাত্র কন্যা 29/5′4″ M.A. (Eng.), উজ্জ্বল শ্যামবর্ণা পাত্রীর জন্য সঃ চাঃ পাত্র কাম্য। M - 86709 11851 / 89180 62940. NP-0542

পাত্রী চাই

• SC, 34/6′ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ককর্মী পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া 28 - 30 মধ্যে পাত্রী কাম্য। M - 8768523564. NP-0654

• বসাক, তন্তুবায় 38+, M.A., ব্যবসায়ী, নামমাত্র ডিভোর্স পাত্রের জন্য পাত্রী প্রয়োজন। M - 8918531407 / 9851113638. OTS-1926

• বৈশ্য সাহা, Gen. 5′5″ মালদা নিবাসী সরকারী চাকুরে পাত্রের 35 - 43 মধ্যে সরকারী চাকুরীজীবি পাত্রী চাই। M - 9232 747791. NP-0597

• 40 বছর বয়সী, হিন্দু, জেনারেল, লম্বা, সরকারী চাকুরীরত (গ্রেড-বি) পাত্রের জন্য সুপাত্রী চাই। M - 9563362908. NP-0605

• কায়স্থ 39+/5′10″ M.Com., C.A., কলিতে বেঃ সঃ প্রতিষ্ঠানে উচ্চপদে কর্মরত পাত্রের জন্য শিক্ষিতা, 36 মধ্যে পাত্রী চাই। M - 9679673102. NP-0526

• গন্ধবণিক 42/5′ Triple M.A., B.Ed., সিঙ্গাতলায় নিজস্ব ফ্ল্যাট, প্রাইভেট সংস্থায় কর্মরত পাত্রের জন্য মধ্যবিত্ত পরিবারের সুশিক্ষিতা পাত্রী কাম্য। M - 9733238571. NP-0632

• মন্ডল 32+/5′8″ ঝাড়খন্ড গ্রামীণ ব্যাঙ্কে Scale-1 Officer পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া, 28 মধ্যে শিক্ষিতা, মালদা নিকটস্থ সুপাত্রী অগ্রগণ্য। M - 9126638312. NP-0444

• বৈশ্য সাহা 35+/5′7″ B.Tech. (Comp. Sc.), রেল দপ্তরে Tech. Gr. - D পদে (বর্তমানে অফিসে Comp.-এ কর্মরত)। মা - বাবা রাজ্য সরকারের Pensioner। শিক্ষিতা, সুশ্রী, গৌরবর্ণা, 28 - 31 মধ্যে চাকুরীরতা পাত্রী অগ্রগণ্য। M - 9475309781. NP-0571

বৈশ্য সাহা 37/5′11″ আপার প্রাইমারি শিক্ষক, সুদর্শন পাত্রের জন্য সুন্দরী, শিক্ষিতা, অনূর্ধ্বা 31 পাত্রী চাই। M - 91264 48600. NP-0520

বৈশ্য সাহা, ধনু রাশি 29/5′8″ B.Sc., নিজস্ব সাইবার ক্যাফে সহ অন্যান্য ব্যবসা। রতুয়া নিবাসী পাত্রের উপযুক্ত শিক্ষিতা, সুন্দরী, ঘরোয়া পাত্রী কাম্য। M - 75858 69943. NP-0688

পঃবঃ মালদা নিবাসী, কায়স্থ, বেঃ সঃ চাঃ, CBSE স্কুলে কর্মরত, 32/5′5″ M.Sc. (কেমিস্ট্রিতে ফার্স্ট ক্লাস), B.Ed পাত্রের জন্য অনূর্ধ্ব 28, পঃবঃ (উঃ) সুশ্রী, কায়স্থ পাত্রী কাম্য। M - 87688 48047 / 99331 35001. NP-0625

পাত্রী চাই

• 36/5′6″ MBA, Honda Co.-তে চাকুরীরত 28000/- পাত্রের সরকারী চাকুরে পাত্রী চাই। M - 9064340158. NP-0685

• ব্রাহ্মণ 44/5′7″ M.Tech., M.B.A., P.hD, LLM Ph.D, ইঞ্জিনিয়ারিং-এর উপর শিক্ষকতা করে / বিদেশেও পড়ায়। সুদর্শন, ডিভোর্সি উপযুক্ত উচ্চ শিক্ষিতা, সুন্দরী পাত্রী চাই। M - 8918413359. NP-0607

• ব্রাহ্মণ 38/5′4″ মালদা নিবাসী স্কুল শিক্ষক, একমাত্র পুত্রের জন্য স্নাতকোত্তর সুপাত্রী (সরকারী চাকুরীরতা অগ্রগণ্য) কাম্য। মাঙ্গলিক / মাঙ্গলিক নয় উভয় প্রযোজ্য। M - 7865833334. NP-0582

• ব্রাহ্মণ, শান্ডিল্য গোত্র 30/5′9″ B.H.M.S. (Hons.), M.D. (Medicine) পাত্রের জন্য সরকারী বা বেসরকারী চাকুরীরতা ফর্সা, সুন্দরী পাত্রী চাই। M - 7501647028. NP-0546

• Gen, 28+ সরকারী গ্রন্থালয়ে কর্মরত। B.Sc., Math. (Hons.), B.Ed., ও D.EL.Ed. করা। একমাত্র পুত্র। সুশ্রী পাত্রী কাম্য। (সরকারী কর্মরতা অগ্রগণ্য)। M - 7585937499. NP-0631

• ঘোষ, কায়স্থ 32/5′3″ বি.টেক. ইলেক্ট্রিক্যালস, নিজ ব্যবসা, একমাত্র পুত্রের জন্য স্নাতক, সুন্দরী, ঘরোয়া, সঃ / উচ্চ অসঃ পাত্রী কাম্য। M - 9475096077. NP-0563

• ঘোষ 34/5′6″ M.A., B.Ed., ব্যবসায়ী পাত্রের জন্য 25 অনূর্ধ্ব পাত্রী কাম্য। নিরামিষভোজী অগ্রগণ্য। M- 9002724383. NP-0560

বৈশ্য, প্রসাদ, কাশ্যপ গোত্র 31+/5′9″ ১০ম শ্রেণি পাস, প্রতিষ্ঠিত ব্যবসায়ী, একমাত্র পাত্রের (ডিভোর্সি) জন্য 28 অনূর্ধ্ব পাত্রী কাম্য। M - 73843 52953 / 89003 96053. NP-0642

বৈশ্য Gen. 45/5′5″ M.A., প্রাঃ স্কুল শিক্ষক, ডিভোর্সি, সন্তানহীন পাত্রের জন্য অনূর্ধ্ব 38, ফর্সা, সুশ্রী, স্লিম, নম্র, ভদ্র, সংস্কৃতিমনস্ক সঃ / উচ্চ অসঃ পাত্রী কাম্য। M - 79085 55473. NP-0629

পাত্র কুলীন কায়স্থ, কলিতে কর্মরত B.Tech (Reliance) 42+/5′4″, 32 - 37 মধ্যে শিক্ষিতা, সুশ্রী পাত্রী কাম্য। Divorcee যোগাযোগ করবেন না। M - 81709 42532 (সন্ধ্যা 6 - 9 মধ্যে). NP-0680

ঘোষ 30/5′9″ B.Tech, E. Railway (Dept - Operating) কর্মরত, মালদা ডিভিশন। 24 - 28 মধ্যে গ্র্যাজুয়েট, ঘরোয়া অথবা চাকুরিজীবি (সরকারী) পাত্রী কাম্য। M - 99335 53624. NP-0664

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

— সম্পাদক / প্রকাশক।

পরবর্তী

জরুরী পাইড

বিতরিত হবে 4 ডিসেম্বর, 2026, শুক্রবার।
বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ 30 নভেম্বর, 2026, সোমবার, সন্ধ্যা 7 টার মধ্যে।

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর প্রতি আবেদন –

ওয়েবসাইটে প্রকাশের জন্য
নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান।
যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

নীচের ফর্মের তথ্য পূরণ করে হোয়াট্সঅ্যাপ করুন

ব্যক্তিগত তথ্য

▲ প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* : .....
▲ হোয়াটসঅ্যাপ/ কলিং নম্বর* : .....
▲ ই-মেইল আইডি* : .....
▲ বয়স : ..... , বছর +
▲ জন্ম তারিখ (DOB)* : .....
▲ উচ্চতা : .....
▲ ব্লাড গ্রুপ : .....
▲ জাতি (কাস্ট/ পদবী) : .....
▲ ওজন : .....
▲ শিক্ষাগত যোগ্যতা : .....
▲ অন্যান্য যোগ্যতা : .....
▲ বর্তমানে বৈবাহিক স্থিতি : .....
(অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত — সঠিক অপশনটি বাছুন)
▲ ঠিকানা* (বাসস্থান) : .....
.....
▲ চেহারার সংক্ষিপ্ত বিবরণ : .....
▲ খাদ্যাভ্যাস — নিরামিষ / সবেতেই আগ্রহী : .....
▲ পিতা-মাতার কততম সন্তান (প্রথম/ দ্বিতীয়/ তৃতীয়/ একমাত্র) : .....
▲ পরিবারে বর্তমানে একসাথে কতজন সদস্য বসবাস করেন? : .....
▲ পরিবারে আপনার আর্থিক দায়ভার : .....

পেশাগত তথ্য

▲ কর্মস্থল (ঠিকানা) : .....
▲ আয়ের উৎস : .....
▲ চাকুরী (স্থায়ী ☐ / চুক্তিবদ্ধ ☐) / ব্যবসা ☐ / প্রফেশনাল ☐ / স্থায়ী সম্পত্তি বা আমানত ☐ / অন্যকিছু ☐
▲ পেশাগত পদ : .....
▲ বার্ষিক আয় : .....
▲ অন্য কোন বিষয়ে মন্তব্য (যদি জানাতে চান) : .....

কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন তা বিশদে লিখুন

সাম্প্রতিক ছবি — ন্যূনতম ১ টি (মুখাবয়ব) পাঠান

(পাত্র/পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা অন্য কোন,প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে আলাদাভাবে জানাতে হবে। তবে *(স্টার চিহ্নিত) তথ্যগুলি নিয়মানুযায়ী রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি (যেমন — আধার / প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক।
স্ব -অভিভাবক পাত্র-পাত্রীরাও আবেদন করতে পারেন।

▲ আবেদনকারীর নাম (প্রার্থী ব্যতীত অন্য কেউ তথ্য পাঠালে)* : .....
.....
▲ প্রার্থীর সাথে আবেদনকারীর সম্পর্ক*: .....
▲ ফোন নম্বর : .....

Send details or any query you can WhatsApp to **9233 44 45 46** (11 A.M. to 7 P.M., except holidays).

Visit

khonj.in/patro (পাত্র চাই বিজ্ঞাপন দেখুন)
khonj.in/patri (পাত্রী চাই বিজ্ঞাপন দেখুন)

তারিখ : .....
আবেদনকারীর স্বাক্ষর

ঘটক চাই

ঘটক চাই, পাত্রীর খোঁজের জন্য মালদা নিবাসী ঘটক চাই। M - 82938 92017. NP-0657

মালদা ও দক্ষিণ দিনাজপুর এলাকায় সুপ্রতিষ্ঠিত বিবাহ সংক্রান্ত যোগাযোগকারী ঘটক নীচের নম্বরে অবিলম্বে যোগাযোগ করুন। M - 62941 58565 / 94343 64415 (7 P.M. - 10 P.M.). NP-0681

বিক্রয়

• জমি বিক্রয় হবে 5 কাঠা (সুকান্ত স্মৃতি সংঘের বিপরীতে, মহানন্দাপল্লী)। ফোনে যোগাযোগ করুন - 7646831391. NP-0567

মকদুমপুরে এলিট কর্ণারে Gr. ফ্লোরে 600 sq.ft. 2 BHK ফ্ল্যাট বিক্রী। M - 95638 30559. NP-0686

মালদা মেডিকেল কলেজের কাছে পৌনে তিন কাঠা জায়গার উপর দোতলা বাড়ি বিক্রয়। M - 99333 61050. NP-0674

মালদা স্টেশন সংলগ্ন এবং রেল হাসপাতালের সন্নিকটে 3 BHK, 1000 বর্গফুট ফ্ল্যাট বিক্রয়। মূল্য 45 লাখ। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। দালাল নিষ্প্রয়োজন। M - 83270 09976. NP-0537

ফ্ল্যাট বুকিং চলছে

অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় "HINDOL" Apartment-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে B+G+6 Multi Storied Residential Building-এ 2 BHK 750 - 850 স্কোয়ারফিট, 3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট, 4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্বর যোগাযোগ করুন।

Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - WBRERA/P/MAL/2025/002401.
Website : www.rera.wb.gov.in
Mobile No. 97341 02876 / 96478 01310

ভাড়া / লীজ

• সিঙ্গাতলায় পাঞ্চালী অ্যাপার্টমেন্টে 5th ফ্লোর আলো-বাতাসপূর্ণ 2 BHK ফ্ল্যাট ভাড়া দেব। দালাল নিষ্প্রয়োজন। যোগাযোগ - 7076402901. NP-0661

Office space for Rent 1000 sq.ft. R. K. Pally. Suitable for NBFC / Bank / Office / Training Centre. M - 79080 17003. NP-0533

কত অজানারে

✪ 'দ্য হিপোক্রেটস ওথ'— প্রফেশনে ঢোকার আগে প্রত্যেক ডাক্তারকে এই শপথ বাক্যটি পাঠ করানো হয়। এটা লিখেছিলেন গ্রিক চিকিৎসাশাস্ত্রবিদ হিপোক্রেটস, খ্রিস্টপূর্ব ৫ শতাব্দীতে।

✪ প্রাচীন মিশরে মানুষের দেহের লোমকে অপবিত্র মানা হত। সেই কারণেই মন্দিরের পুরোহিতরা শরীরের প্রতিটি লোম তুলে ফেলতেন। এমনকী ভ্রু ও চোখের পাতাও।

✪ খেয়াল রাখবেন, সব তেল, তেল নয়। তিল থেকে সঞ্জাত যা, তাই তৈল বা তেল।

✪ শুধু রেডিয়াম নয়, মারি ও পিয়ের কুরি 'পোলোনিয়াম" নামে আরও একটি তেজস্ক্রিয় মৌল আবিষ্কার করেছিলেন। ইতিহাস ঘেঁটে দেখা যাচ্ছে, বিশ্বের প্রাচীনতম আসবাব হচ্ছে চেয়ার। যিশুখ্রিষ্ট জন্মানোরও প্রায় ২৭০০ বছর আগে মিশরের রাজাদের যে উচ্চাসনের কথা বলা হয়েছে, তা চেয়ারই।

✪ ফারসি 'তোন্দরোও' শব্দের অর্থ ক্ষিপ্র গতিসম্পন্ন বা দ্রুতগামী। সেই শব্দটি কীভাবে নির্লজ্জ বা বেয়াড়া অর্থে 'তাঁদড়' হয়ে উঠল, কে জানে!

✪ প্রথম যুগে গাড়ির জ্বালানি রূপে ব্যবহার করা হত ন্যাপথা আর প্যারাফিন।

ক্লাসিফায়েড এবং ডিসপ্লে-ক্লাসিফায়েড বিজ্ঞাপন

একসাথে ২ বারের জন্য বুক করলে তৃতীয়বার প্রকাশিত হবে বিনামূল্যে।
WApp - 9233 44 45 46

টিউশন / কোচিং

ESTD. 1969
Mob. : 94753 91727
Ph : 03512-253113
SRISH CHANDRA MEMORIAL KINDERGARTEN
B.G. ROAD (Opp. UNION BANK), MOKDUMPUR, MALDA-732103
ADMISSION / ভর্তি ঃ ২০২৭
নার্সারী (৩+) L.KG, U.KG, Std.I, II, III, IV :
জন্ম:2023, 2022, 2021, 2020, '19, '18, '17,
ভর্তির ফর্ম দেওয়া ও ভর্তির সময়: ১১.৩০টা - ১টা
*বয়স ১/১/২০২৭-এ প্রযোজ্য, বার্থ সার্টিফিকেট দেখিয়ে ফর্ম নিতে হবে।
"SRISH" : EXCELLENCE & TRUST - SINCE 1969

চিকিৎসা

চক্রবর্ত্তী হোমিও হল ডাঃ মন্ময় চক্রবর্ত্তী, হোমিও ডাক্তার। যে কোনও রোগের চিকিৎসা স্বল্প মূল্যে করা হয়। সত্বর যোগাযোগ করুন, বিবেকানন্দপল্লী। M - 87685 11975 (7 P.M. - 9 P.M.). NP-0555

ক্রয়

মালদা শহর থেকে 5 কিমি.-র মধ্যে বাস চলাচলের উপযোগী রাস্তার ধারে 3 বিঘা জায়গা চাই। M - 97330 61712. NP-0645

হবিবপুর / বামনগোলা / দিনাজপুর কাঁচা / মোরাম রাস্তার পাড়ে চাষযোগ্য জমি কিনতে চাই। কেবলমাত্র প্রকৃত মালিক যোগাযোগ করুন। M - 86704 32226. NP-0682

বিক্রয়

মালদা শহরের মকদুমপুরে 3rd ফ্লোরে 765 sq.ft., 2 BHK ফ্ল্যাট রি-সেল করবো। ফোন - 97495 34322. NP-0522

সাহাপুর ডিস্কো মোড়ের কাছে বাইপাসের ধারে ফ্রন্ট পজিশনে জায়গা বিক্রী আছে। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। দালাল নহে। M - 70479 69521. NP-0663

পাটুলিতে (দঃ কলিকাতা) জমি বিক্রি। 4 কাঠা 5 ছটাক, কর্ণার প্লট। কবি সুভাষ মেট্রো 6 - 7 মিনিট। 33 লাখ/কাঠা Negotiable. M - 98300 17788 / 98042 92904. NP-0519

For Sale ₹ 5750/- Sq.ft. 4-Story Building

(Engineer owned and constructed) located Prime Area in Malda
1 No. Govt. Colony, near Anek Sangha Park on main road.
Land area 2250 sq.ft. Built-up. Area Approx 10000 Sq.ft. Approved Plan 2013.
Features : Lift, Garage, Quality building materials used Well-finished and furnished each room equipped with AC, TV, Geyser, Furniture, Cupboards, Fan and Light.
Interested buyers may contact, WhatsApp : 91633 07902 and E-mail : sksahaddpark@gmail.com

টিউশন / কোচিং

• বাংলা মাধ্যম ICSE স্কুলে পড়ানোর জন্য ইংরেজি শিক্ষিকা চাই। M - 9434066962. NP-0621

• পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে VII - X (সমস্ত বোর্ড) ছাত্র-ছাত্রীদের চাহিদা মতো অঙ্কের CHAPTERS বোঝাচ্ছেন SLOT বুকিং-এর মাধ্যমে (বৃহঃ / শুক্র)। Pal Sir - 9932239094. NP-0297

কর্মখালি

মালদার কালিয়াচকে (উত্তর রায়পুর, ধূলাউড়ি, বালুয়াচরা, জালালপুরে অবস্থিত) ATS পাবলিক স্কুলে কর্মখালি
প্লে গ্রুপ থেকে দশম বাংলা মাধ্যম (আবাসিক / অনাবাসিক) বিভিন্ন পদে
বাংলা - 3 (আপার), ইংরেজি - 3 (আপার), অঙ্ক - 3 (আপার), ইতিহাস - 2, ভূগোল - 2, পদার্থবিদ্যা - 2, রসায়ন - 2, জীববিজ্ঞান - 2, ইংরেজি - 2 (প্রাইমারী), বাংলা - 2 (প্রাইমারী), অঙ্ক - 2 (প্রাইমারী), বি.এ. / এম.এ. / বি.এসসি / এম.এসসি / বি.এড / ডি.এল.এড, মহিলা শিক্ষিকা, প্রশিক্ষিত শিক্ষক / শিক্ষিকা, হোস্টেল সুপারিন্টেনডেন্ট - 2, পুরুষ কোচিং (টিআইসি) - 1 এবং মহিলা রিশেপসনিস্ট - 1 নিয়োগ করা হবে।
স্কুল অফিসে ওয়াক-ইন-ইন্টারভিউ চলবে 29 নভেম্বর, রবিবার, সকাল 11 টা থেকে। Ph. / WApp No. : 8348016997

কর্মখালি

• প্রাইভেট জব, এইট পাস হলেই চলবে। বেতন আলোচনা সাপেক্ষ, একটি ছেলে প্রয়োজন। M - 9434066962. NP-0621

• পাইকারী ঔষধের দোকানে লেখাপড়া জানা, না জানা কর্মঠ লোক চাই। বেতন আলোচনা সাপেক্ষ। M - 9434050252. NP-0676

বিভিন্ন অফিসে Order Supply-এর কাজে স্মার্ট Sales Manager (Male / Female) প্রয়োজন। শিক্ষাগত যোগ্যতা ঃ 10 + 2, পূর্ব অভিজ্ঞতা অগ্রাধিকার পাবে। M - 94342 13377. NP-0683

মালদাতে নিজ চেম্বারে কম্পিউটারে excel-এ কাজ জানা ছেলে / মেয়ে চাই। 4 ঘন্টা - Rs. 5000/-, M - 94342 19397. NP-0524

শিক্ষিকা চাই

গ্র্যাজুয়েট/তদূর্ধ্ব, প্রশিক্ষণপ্রাপ্ত, গান / নাচ / কম্পিউটার জানা শিক্ষিকা চাই।

সহায়িকা দিদি / মাসি চাই

শিশুদের দেখাশোনা ও অন্যান্য কাজের জন্য দায়িত্বশীল, কর্মঠ, মধ্যবয়স্কা দিদি / মাসি চাই। বায়োডাটা, আধার কার্ড, মোবাইল নম্বর, ছবি সহ যোগাযোগের সময় ঃ বেলা ১২টা - ২টা।
শ্রীশ চন্দ্র মেমোরিয়াল কিন্ডারগার্টেন
মকদুমপুর, বি.জি.রোড, মালদা।
Mob. : 9475391727 / 9434323441

কর্মখালি

SHESHRAJ MEDICARE
অভিজ্ঞ ড্রাইভার চাই — 12 ঘণ্টার ডিউটি। সপ্তাহে এক দিন ছুটি। বেতন আলোচনা সাপেক্ষ।
রিসেপশনিস্ট চাই — কাজের জন্য একজন পুরুষ কর্মী প্রয়োজন। বেতন আলোচনা সাপেক্ষ।
ও.টি. স্টাফ — পদে পাঁচজন কর্মী প্রয়োজন।
মেইনটেনেন্স বিভাগে — কাজের জন্য একজন কর্মী প্রয়োজন।
আয়া-মাসি — এই পদে কাজ জানা ১০ জন কর্মী চাই।
পদের নাম উল্লেখ করে আপনার আবেদন পত্র বায়োডাটা সহ ই-মেইল অথবা হোয়াটসঅ্যাপ করুন —
শেষরাজ মেডিকেয়ার, যদুপুর, মালদা শহর।
E-mail : medicare.sheshraj.com
WhatsApp : 79084 03665

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

বিক্রয়

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক 50 টি অক্ষর মাত্র 100 টাকার বিনিময়ে। সাথে khonj.in ওয়েবসাইটে বিনামূল্যে 30 দিনের জন্য পোস্ট করুন।
WApp - 92334 44546.

জ্যোতিষ চর্চা



জয় মা কলিকাতার প্রখ্যাত জ্যোতির্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

জরুরী গাইডে রঙিন ডিসপ্লে বিজ্ঞাপন
প্রকাশের ক্ষেত্রে ৩০ দিন আগে বুকিং করলেই ন্যূনতম ৫০% ছাড়।
বিশদে জানুন — 9233 44 45 46
এখন হ্যান্ডবিল ছাপালেই ঠকবেন।

গ্রামের শিক্ষিতা ও নম্র পাত্রী চাই?
নাকি শহরের স্মার্ট ও ভালো রোজগেরে পাত্র চাই?
ন্যূনতম 300 টাকায় গাইডে বিজ্ঞাপন দিন।
ফোন - 9233 44 45 46

স্বত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। M : 977 5454 577

“মানচিত্র বদলেছে, তবুও ভূতনীর ভিটেহারা মানুষ হারায়নি বেঁচে থাকার সাহস”



অরবিন্দ ঘোষ, শিক্ষক ঃ মানচিত্র স্থায়িত্বের প্রতীক, তবুও সেখানে নদীরা রেখা বদলায়, আর বাস্তবে মুছে যায় মানুষের ভিটে-মাটি, জীবিকা আর কয়েক প্রজন্মের স্মৃতি। কয়েক বছর থেকে ধিক ধিক করে মুছতে মুছতে এবার পুরোপুরি বদলে গেল মালদার ভূতনীর ভূদৃশ্য। প্রতি বর্ষায় গঙ্গায় জল বাড়ে, তীব্র হয় নদীর স্রোত। শুরু হয় ভাঙন, গঙ্গা গ্রাস করে বাড়ির উঠোন থেকে আমবাগান, ধানের জমি, গ্রামের রাস্তা সবকিছু। শুধু বসতভিটাই নয়কৃষিজমি, বিদ্যুতের খুঁটি, রাস্তা, স্কুল, এমনকি রতুয়ার ১৭৫ বছরের পুরোনো একটি শিবমন্দির আজ গঙ্গা গর্ভে। এভাবেই ধুয়ে-মুছে যাচ্ছে ভূতনীর একের পর এক গ্রাম এবং বদলে যাচ্ছে মানচিত্র। নদী তার স্বাভাবিক গতিপথে চলবে, কিন্তু সেই গতিপথের মূল্য কেন বারবার দিতে হবে ভিটেহারা মানুষকেই? তাকে উপেক্ষা করে মানুষের সাহসকে কেবল প্রশংসা করে রাষ্ট্রের দায়িত্ব শেষ হতে পারে না।

ভূতনী ও রতুয়ার প্রাকৃতিক দুর্যোগ শুধু বিপর্যয় নয়, মানুষের মর্য্যাদার ও সামাজিক সম্পর্কের সংকট। তবুও ভিটেহারা ভূতনীবাসী নতুন করে জীবন গড়ার সাহস হারায় নি। প্রতি বন্যার মতো বার বার ভোট আসে, আসে প্রতিশ্রুতি। ভোট যায়, প্রতিশ্রুতির আড়ালে শুধু রয়ে যায় ‘মানচিত্র হারানো ভূতনীর মানুষ’ আর ভূতনীর ভূগোল চলে যায় ইতিহাসের পাতায়।

মালদার মানিকচক ব্লকের ভূতনী দিয়ারা নদীঘেরা এলাকা, এখানে উত্তর ও দক্ষিণ চণ্ডীপুরের বিস্তীর্ণ অঞ্চলের জীবনযাত্রা গঙ্গা আর ফুলহারের স্রোত-শাসনে চলে। একঅর্থে, এই শাসন ফারাক্কা ব্যারেজেরই অভিশাপ, তারপর ১৯৭১ সালে ‘রিং বাঁধ তৈরি’ ভূতনীর আর এক অভিশাপ। ২০২৪ সাল থেকেই বাঁধে ফাটল আর নদীভাঙন ক্রমাগত প্রকট হচ্ছে। ২০২৫ সালে কেশরপুর ও কালুটনটোলা রিং বাঁধের প্রায় ২০—৫০ মিটার অংশ নদীর ভেতরে চলে গেছে। সেপ্টেম্বর ২০২৬-এ বেশ কয়েক জায়গায় বাঁধ ভেঙে এলাকা প্লাবিত হয়। গঙ্গা গিলেছে কালুটনটোলা, হীরানন্দটোলা, কেশরপুর, হীরানন্দপুর, বসন্তটোলা, কার্তিকটোলা, পুলিনটোলা, উত্তর ও দক্ষিণ চণ্ডীপুর এবং আরও বেশ কিছু এলাকা।

‘কালকের ক্ষেত আজ নদী’ আবার ‘আজকের নদী আগামীতে চর’ - এই খেলাটা বর্তমানে স্রোতের মতই বহমান। নতুন মাটিতে নতুন বসতি হতেই পারে, কিন্তু পুরোনো ঠিকানার আবেগ আর তৈরি হয় না। এভাবেই, নদী রাস্তাও গিলে খায়, মানুষ আবার নতুন রাস্তা খোঁজে। এইভাবেই পুরোনো মানচিত্র আর ভূপরিচয় আরও অচেনা হয়ে যায় মানুষের কাছে।

‘ভিটে’ শব্দটার অর্থ বাড়ি বা জমির টুকরো নয়, এটা মানুষের নিজের পরিবার-পরিচয় ও শিকড়। উঠোনের ধুলো, আমগাছের ছায়া, প্রাচীরপাড়ের কাঁঠাল গাছ এসব কি সত্যিই অন্য কোথাও আবার কেউ খুঁজে পায়? বাড়ি মানেই শুধু চার দেওয়াল নয়, কাঠের দরজার শব্দ, বৃষ্টিতে ভেজা মাটির গন্ধ, সন্ধ্যায় শিয়ালের ডাকএসব মিলে গড়ে ওঠা এক নিজস্ব পৃথিবী।

তবু আজও ভূতনীর মানুষ নতুন ঘর তৈরি করে, চাষ শুরু করে নতুন জমিতে, ছেলেমেয়েকে স্কুলে পাঠায় এবং পারস্পরিক সহযোগিতায় এগিয়ে যায় জীবন। এই অভিযোজন নিছক কষ্ট সহ্য করা নয় বরং অভিজ্ঞতা, যা প্রতিকূলতার মধ্যে নতুন জীবিকা, নতুন আশ্রয় ও ভবিষ্যতের সম্ভাবনা খুঁজে নেয়। ভূতনীর



বহু মানুষ সেই কষ্ট খুঁড়ে বের করে নতুন করে বাঁচার জেদ।

সাহস মানে শুধু কষ্ট সহ্য করা নয়; যা সামনে আসে তার সঙ্গে মানিয়ে নেক্ষ্ম ওয়া, নতুন আয়ের খোঁজে খেতে কাজ, দিনমজুরি, রাজমিস্ত্রির জোগাড়, মাছ ধরা যার যেটা জোটে, মানুষেরা তাই করতে বাধ্য হয়। কেউ কেউ আবার বাইরে কাজে যায়, তাতেও নতুন চাপ আসে সংসারে। প্রভাব পরে সামাজিক সম্পর্কেও, সম্পর্কগুলো আলগা হয় বা ছিঁড়ে যায়। বুকময় ছুটে বেড়ায় স্বজনহারার ব্যাথা।

ভূতনীর প্রতিটি মানুষ যেন ‘পথের পাঁচালীর অপু’, দিদি হারা ভাই দিশা খুঁজে বেড়ায় পথে প্রান্তরে। আবার নতুন করে বাঁচে ভিটে না হোক আকাশ-বাতাসের টানে। তাঁরা বলে “গঙ্গার সঙ্গে এ লড়াইয়ে আমরা হারতে পারি, ঘর ভাঙ্গে, মাটি যায়। তাও নতুন ঘর দেবো, জীবন আবার শুরু করব।” এটা নদীকে হারানোর ঘোষণা নয়; বরং তারই স্রোতের মধ্যে ফের ঘুরে দাঁড়ানোর প্রতিশ্রুতি।

ভূতনীর নদীভাঙন ঠেকাতে শুধু ত্রাণ, কিংবা বাঁধ নির্মাণে নয়, ফারাক্কা ব্যারেজের প্রভাব, পলি সঞ্চয় ও নদীর গতিপথের পরিবর্তন নিয়ে নিরপেক্ষ বৈজ্ঞানিক সমীক্ষা ও পরিকল্পনা প্রয়োজন। বাঁধ রক্ষার আগে স্থানীয় পরিস্থিতি, নদীর চলন-চরিত্র বুঝে নিতে হবে। কোথায় জিও-ব্যাগ লাগবে, কোথায় শুধু পাথরই যথেষ্টএসব খতিয়ে দেখা দরকার।

অস্থায়ী শিবিরে বসিয়ে রাখলেই চলবে না; জমি, স্থায়ী ঘর, জল, শৌচাগার, চিকিৎসা, স্কুল, রাস্তাসব লোন দিলে তারা দীর্ঘকালীন দেনা থেকে বেরিয়ে আসতে পারবে। ক্ষতিপূরণ জরুরি, কিন্তু শুধু অর্থ দিয়ে পুনর্বাসন সম্পূর্ণ হয় না। প্রয়োজন নিরাপদ জমি ও স্থায়ী বাসস্থান, বিকল্প জীবিকা এবং শিক্ষার নিশ্চয়তা। পুরনো-নতুন মানচিত্রের তুলনা ও স্থানীয় মানুষের ব্যবস্থা একসঙ্গে দিতে হবে। সর্বহারা পরিবারকে নিরাপদ পুনর্বাসন দিতেই হবে। পরিবারের নতুন আয়ের ব্যবস্থা দরকার। মাছ চাষ, ছোট ব্যবসা, কেউ কৃষিকাজ করতে চাইলে তার সরঞ্জাম, হস্তশিল্পএসব করলে নতুন উপার্জনের রাস্তাও খুলে যাবে। আবার সহজ শর্তে অভিজ্ঞতাকে গুরুত্ব দিতে হবে। নদী ঠিক কেমন খেলা করে, কোথায় বেশি ভাঙে, কোথায় আশ্রয় বেশি নিরাপদএসব ওরাই সবচেয়ে ভালো জানে। তবেই বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা যথাসময়ে করা যাবে। রাজ্য ও কেন্দ্রের সংশ্লিষ্ট দপ্তর, সেচ বিভাগ, জেলা প্রশাসন ও পঞ্চায়েতের মিলিত প্রচেষ্টাতেই ভাঙনপ্রবণ এলাকার মানুষ সুরক্ষিত হবে। অঞ্চলটি পুরোনো কোশী খাতের অংশ বিশেষ। ভূগোলের ভাষায় এটি ‘প্যালিও চ্যানেল’। বর্তমানে গঙ্গা সেই খাতেই বইতে চলেছে। অর্থাৎ দিনে দিনে নদীভাঙনের প্রকোপ বাড়বে। আজ শুধু বদলেছে ভূতনীর মানচিত্র, নদীবিজ্ঞানীদের মতে একদিন জেলার মানচিত্রই বদলে যেতে পারে। রক্ষা পাবে না মালদা শহরও।

মানচিত্রে নীল রেখা মানুষ টানলেও নদী নিজের খেয়ালেই বয়। ভূতনীর মানুষ বারবার ভিটে হারিয়েছে, কিন্তু তাদের বাঁচার অদম্য ইচ্ছাকে কেউ দমাতে পারেনি। মানুষের স্মৃতিকথা, সামাজিক সম্পর্ক, আত্মমর্য্যাদা আর লড়াইয়ের মানসিকতা কখনো হারিয়ে যায় না। মানচিত্র বদলালেও মানুষ বারবার ঘুরে দাঁড়িয়েছে। আজ রতুয়ার জিতুটোলায় প্রায় ২০—২২টি বাড়ি ও একটি প্রাথমিক বিদ্যালয় গঙ্গায়। ভূতনীর কেশরপুরের ২৮২টি পরিবারের ক্ষতিপূরণ মিললেও পুনর্বাসন অনিশ্চিত। ক্ষতিপূরণ সাময়িক হলেও নিরাপদ ঠিকানা ও সঠিক জীবিকাই প্রকৃত পুনর্বাসনের ভিত্তি। ভূতনীর নদীপাড়ের মানুষের কাছে তাই বারবার সাক্ষাত আর আশ্বাস নয়, প্রয়োজন মানুষের সুরক্ষা ও ভবিষ্যৎ। শুধু সম্পত্তি নয়, নদী খেয়ে ফেলেছে তাদের সম্পদ। কিন্তু এই গল্পটা শুধু হারানোর নয়। ভেঙে যাওয়া আশাকে সম্বল করে মানুষ আবার বাঁচার লড়াই চালাচ্ছে। এই সাহসের কেবল বাহবা দিয়ে তো আর দায়িত্ব শেষ হয় না। সংস্থা বা সংগঠনের ত্রানই যথেষ্ট নয়, সরকারের দরজায় কড়া নাড়তে হবে। দরকার নদী ব্যবস্থাপনা, পুনর্বাসন ও পরিষেবা। এর প্রতিশ্রুতি যারা দিয়েছেন তাদের দিকে তাকিয়ে রয়েছে হাজার হাজার ভূতনীবাসী।

ভূতনীর হারিয়ে যাওয়া গ্রাম আর বদলে যাওয়া ছবি আমাদের চোখে জটিল এক ভৌগোলিক আর মানবিক সঙ্কট তুলে ধরে। বছরের পর বছর ধরে হওয়া বন্যা বা নদীভাঙন এখন মানুষের কাছে আজও এক অনিশ্চয়তার গল্প। ভূতনীর আসল মানচিত্র কেবল নদী আর চরের নয়; তা মানুষের অদম্য সাহস ও ঘুরে দাঁড়ানোর গল্পের জীবন্ত প্রতীক। নদী যতই মানচিত্র বদলাক, মানুষের সাহসই বেঁচে থাকার ইচ্ছেকে বাঁচিয়ে রাখে, জীবনের গল্প থেমে থাকে না।

জেনে নিন মেঘালয় ট্যুরে কাজে লাগবেই লাগবে

মেঘালয় ট্যুরিজম বাসে ট্যুরের সুবিধা। ব্যবস্থাপনা দারুণ।

১. সুবিধা গুলো পয়েন্ট অনুযায়ী সবচেয়ে সস্তা আর সরকারি ভরসা প্রাইভেট গাড়ির তুলনায় প্রায় ৬০-৭০ শতাংশ কম খরচ। এক একটা ডে-ট্রিপ মাত্র ৭০০ থেকে হাজার টাকার মধ্যে।

ফিক্সড রুট আর সময়প্রতিদিন সকাল ৭ টার থেকে ৮টার মধ্যে ছাড়ে, বিকেল ৫ থেকে ৬ টার মধ্যে ফেরে। ড্রাইভার পাহাড়ি রাস্তা চেনে, তাই নিশ্চিন্ত।

গাইড থাকেপ্রত্যেক বাসে ট্রেনড গাইড থাকে, যিনি বাংলাতেও অনেক সময় বুঝিয়ে দেন।

একদিনে অনেক গুলি স্পট ঘুরিয়ে দেয়। প্রতিটি স্পটে যথেষ্ট টাইম দেয় ঘোরার সময়।

আমি ডাউকি ট্যুর, চেরাপুঞ্জি ট্যুর ও লোক্যাল ট্যুর করেছিলাম। এই রটগুলিতে যে যে জায়গা পড়বে সেই সকল সব জায়গা ওরা ঘুরিয়ে দেয়।

গাইড খুবই দায়িত্ববান কাউকে ও ফেলে আসবে না। দরকার হলে নিজে খুঁজে খুঁজে ডেকে নিয়ে আসবে।

নিরাপত্তা সরকারি বাস, ওভারস্পিড করে না, মদ খেয়ে চালায় না, যেটা প্রাইভেটে অনেক সময় সমস্যা হয়।

- পপুলার ৫টা ডে-ট্রিপ আছে

১) Shillong - Cherrapunji (Sohra) ৭৫০ টাকা

২) Shillong - Dawki / Mawlynnong / Asia Cleanest Village ১০০০ টাকা

৩) Shillong - Mawsynram

৪) Shillong Local + Umiam Lake ৫০০ টাকা।

৫) Shillong - Nartiang / Jowai লোক্যাল ট্যুর টি ছাড়া বাকি ট্যুরের entry fees ওরাই দেয়। এক বোতল করে জল ফ্রি দেয়।

২. বাসের কন্ডিশন কেমন

নতুন ২৬-৩২ সিটের মিনি-কোচ / Tempo Traveller টাইপ। একদম নতুন বাসও নামিয়েছে গত মাসে CM নিজে ফ্ল্যাগ অফ করেছেন।

পরিষ্কার, AC আছে। বড় বড় কাচের জানালা।

লাগেজ রাখার জায়গা আছে পেছনে। সাসপেনশন ভালো, পাহাড়ি রাস্তায় ঝাঁকুনি কম লাগে।

রিভিউ অনুযায়ী ৪.৩/৫ রেটিং, সবাই বলে good quality buses – ample time at each spot।

৩. কিভাবে সিট বুক করবেন

অফলাইন - জায়গা MTDC Tourist Information Centre, State Convention Centre, Police Bazar, Shillong পুলিশ বাজারের একদম মাঝখানে।

ফোন ০৩৬৪-২২২৬২২০ / ২২২২৫০৮ ফোন করলে উত্তর দেয়।

সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত কাউন্টার খোলা।

আইডি লাগবে - আধার কার্ড।

অনলাইন - ওয়েবসাইট meghalaya-tourism.gov.inএ গিয়ে MTDC Package Tours> Day Tours.

এখন অনলাইনেও বুকিং চালু আছে, মেঘালয় ট্যুরিজম এপ দিয়েও বুকিং করা যায়। আমি এদের সাহায্যেই বুক করেছিলাম।

টিপস - বর্ষায় (জুন-সেপ্টেম্বর) ভ্যালি সবচেয়ে সবুজ আর মেঘে ভরা থাকে, তখন ছবি সবচেয়ে ভালো আসে।

কত অজানারে

✪ ১১টি স্বরবর্ণ আর ৩৯টি ব্যঞ্জনবর্ণ মিলে বাংলা বর্ণমালার সংখ্যা ৫০। কিন্তু কেরলের মালয়ালম ভাষার বর্ণের সংখ্যা ৫৬।

✪ ১৯০৮ সালে এক ভয়ঙ্কর বিস্ফোরণে সাইবেরিয়ার ২০ হাজার বর্গকিলোমিটার বনাঞ্চল সম্পূর্ণ ধ্বংসস্তূপে পরিণত হয়। বিস্ফোরণের আসল কারণ এখনও অজানা।

✪ আজ পর্যন্ত মাত্র ১১ জন মানুষ উল্কাপাতের আঘাতে মারা গেলেও প্রতি বছর পৃথিবীতে গড়ে ১৫০ টনের মতো উল্কাপাত হয়ে থাকে।

✪ পাঞ্জাবে চিতার নদীর ওপর ভাকরা নাঙ্গাল বাঁধ নির্মাণ করতে গিয়ে প্রাণ হারিয়েছেন প্রায় ১৫১ জন শ্রমিক। এশিয়ার সর্বোচ্চ এই বাঁধটি নির্মাণ শেষ হয়েছিল ১৯৬৩ সালে।

✪ শিবা আয়াদুরাই, ভারতে জন্ম নেক্ষ্ম ওয়া এই মানুষটিই নিউ জার্সি বিশ্ববিদ্যালয়ে কাজ করার সময় ই-মেল আবিষ্কার করেন। ই-মেলের জন্মদিন ১৯৮২-র ৩০ আগস্ট।

✪ ১৬৬৬ সালের লন্ডন অগ্নিকাণ্ডের পর প্রথম আধুনিক বিমা কোম্পানি চালু হয়।

✪ ফারসি ‘বে’মানে বিহীন বা ছাড়া ‘লিল্লাহ”-র অর্থ আল্লাহর জন্য। দুইয়ে মিলে ‘বেলেল্লা’ শব্দের অর্থ আল্লাহর জন্যে নয়। অর্থ বদলে এখন হয়েছে ধর্মজ্ঞানহীন বা নির্লজ্জ।

✪ মোটামুটি ১৩ হাজার টুকরো অংশ জুড়ে তৈরি হয় একটি মোটরগাড়ি।

✪ বড়লাট জর্জ অকল্যান্ডের দুই বোন, ফ্যানি আর এমিলি ইডেনের উৎসাহে কলকাতার হুগলি নদীর ধারে একটি মাঠের চারপাশে গাছ লাগিয়ে তৈরি হয় অকল্যান্ড সার্কাস গার্ডেন্স। পরে বাগানটির নামকরণ হয় ‘ইডেন গার্ডেন্স’। প্রায় ৫০০ বছর আগে তিব্বতের পূর্ব অঞ্চল খাম-এ দাঙ্গা লাগায় এক দল লোক সেখান থেকে পালিয়ে এসে নেপালের খুম্বু উপত্যকায় আশ্রয় নেয়। তাদের বলে শেরপা। ‘শেরপা’ শব্দের অর্থ পূর্ব দিকের লোক।

✪ ‘ফেসবুক’ নয়, ২০০৩ সালের ২৮ অক্টোবর হার্ভার্ড ইউনিভার্সিটির ছাত্র মার্ক জুকারবার্গ নিজেদের বন্ধুদের সঙ্গে যোগাযোগ রাখার জন্যে যে প্রোগ্রামটির উদ্ভাবন করেন, তার নাম রেখেছিলেন ‘Facemash”।

✪ অন্যের হৃৎস্পন্দন শোনার জন্যে ডাক্তাররা যে যন্ত্রটি ব্যবহার করেন, তার নাম স্টেথোস্কোপ। ‘স্টেথোস্কোপ” শব্দটির আক্ষরিক অর্থ ‘বুক দেখা’ বা ‘বুক পরীক্ষা’।

✪ মেদিনীপুরে রাজদ্রোহমূলক পত্রিকা “সোনার বাংলা” বিলি করার জন্য ১৯০৬ সালের ফেব্রুয়ারি মাসে ক্ষুদিরাম বসুকে গ্রেপ্তার করা হয়। অল্প বয়সের জন্য তাঁর বিরুদ্ধে মামলা প্রত্যাহার করে নেওয়া হয়। দু”বছর পর ১৯০৮ সালে ১৮ বছর বয়সে তাঁর ফাঁসি হয় অন্য এক কারণে।

মহাত্মা গান্ধী বেশ কিছু দিন ধরে দু”হাত দিয়েই লেখার চেষ্টা করেছিলেন।

ঋতু বদল

ঋতু পরিবর্তনের শুরুতে প্রায় সবাই ভোগেন নানা ধরনের ভাইরাল রোগে। সঙ্গে ব্যাকটিরিয়াল ইনফেকশন তো আছেই। এর জন্যেই ঘরে ঘরে সবার সর্দি-কাশি, গলাব্যথা, গা ম্যাজম্যাজ, গায়ে লালচে র‍্যাশ, চোখ লাল হয়ে যাওয়া কিংবা হালকা টেম্পারেচার। ইনফ্লুয়েঞ্জা তো প্রত্যেক ঋতু পরিবর্তনেই ঘুরে আসে। হতে পারে মামস, ডেঙ্গু বা চিকুনগুনিয়াও। পরিস্থিতি ঘোরালো হলে জ্বর থেকে খিঁচুনি হতে পারে। গ্যাসট্রো এনট্রাইটিস হলে বদহজম, পেটের গোলমাল, বমি, পায়খানা হতে থাকবে নাগাড়ে। অনেক সময় এর থেকে শরীরে ডিহাইড্রেশন বা জলের ঘাটতি দেখা দেয়। ব্লাড প্রেসার নেমে যেতে পারে। এমনকী, রোগী অজ্ঞানও হয়ে যেতে পারেন।

কেন হয়

ঋতু পরিবর্তনের সঙ্গে সঙ্গে আবহাওয়ারও পরিবর্তন ঘটে। দিনে তাপমাত্রা বাড়ে। রাতে সেই তাপমাত্রা আচমকা কমতে থাকে। এই সময় বায়ুর আর্দ্রতাও কমে-বাড়ে। পরিবেশের এই বিশেষ অবস্থার জন্যই জীবাণুরা সক্রিয় হয়ে ওঠে। অন্যদিকে দিনে মানুষ এসি-তে থাকছেন। গরমের দাপটে পাতলা চাদরও গায়ে রাখতে পারছেন না। আবার মাঝরাত হলেই শিরশিরে ঠান্ডায় জড়োসড়োভাব। জীবাণুর সক্রিয়তা আর তাপমাত্রা পরিবর্তনের ডবল ডোজে আক্রান্ত হয়েই সাময়িক বিছানা নিচ্ছেন আট থেকে আশি। হয় ভুগছেন ভাইরাল ফিভারে। নয়তো রোটা ভাইরাস বা এন্টেরো ভাইরাসের দাপটে পেটের নানা সমস্যায়।

কীভাবে ছড়ায়

সর্দি-কাশি-জ্বর, ইনফ্লুয়েঞ্জা বা মামস-এর মতো ভীষণ ছোঁয়াচে। একজনের হলেই তার থেকে বাড়ির বাকিদেরও হওয়ার সম্ভাবনা থেকে যায়। ডেঙ্গু বা চিকুনগুনিয়ার মতো রোগের বাহক কিন্তু মশা। এই সমস্ত রোগ সরাসরি মানুষ ছড়ায় না। তাই এগুলোকে ছোঁয়াচে বলা যায় না।

কী চিকিৎসা করাবেন

সর্দি-কাশি-গলা ব্যথার তো নির্দিষ্ট কোনও চিকিৎসা নেই। অনেকে গার্গলিং করেন। মাথা ব্যথা কমাতে ভেপার নেন। ইনফ্লুয়েঞ্জা হলে হালকা প্যারাসিটামল ভালো কাজ দেয়। খাওয়ার আগে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নেবেন। পেটের সমস্যায় বারবার ওআরএস খাওয়ান (বিশেষ করে ডেঙ্গি হলে)। এতে জলের অভাব ঘটবে না শরীরে। রোগীর খিঁচুনি, মাসল ক্র্যাম্প (পেশিতে টান) ধরলে, ব্লাডপ্রেসার কমে গেলে, অজ্ঞান হয়ে পড়লে কিন্তু বাড়িতে রাখবেন না। সঙ্গে সঙ্গে হাসপাতালে ভর্তি করবেন।

রোগ ঠেকাবেন কী করে

সরাসরি ঠান্ডা বা গরমের মধ্যে যাবেন না। এসি কম ব্যবহার করুন। ব্যবহার করলেও গায়ে যেন পাতলা চাদর বা গলায় মাফলার থাকে।

সন্ধের পর কুয়াশা বা হিম পড়ে। ঠান্ডায় কাবু হন যাঁরা তাঁরা পাতলা চাদর জড়িয়ে বাইরে বেরোন।

রাতে ঘুমানোর সময় মাথার কাছের বা আশপাশের জানলা বন্ধ রাখুন। কারণ, শেষ রাতে তাপমাত্রা সবচেয়ে বেশি কমে যায়। তখনই ঠান্ডা লাগার চান্স বেশি থাকে।

পেটের সমস্যা এড়াতে রাস্তার কাটা ফল খাবেন না। বাড়িতে তৈরি টাটকা, হালকা গরম খাবার খান।

ডেঙ্গি বা চিকুনগুনিয়া এড়াতে মশারি টাঙিয়ে ঘুমোন। বাড়ির সবচেয়ে ছোটো আর একদম বয়স্করা আক্রান্ত হন বেশি। তাই বাড়ির কারোর মামস, ইনফ্লুয়েঞ্জা, সর্দি-কাশি হলে তার ধারপাশে ঘেঁষতে দেবেন না এঁদের।

লিভার, কিডনি, ডায়াবেটিস, ক্রনিক ব্রঙ্কাইটিস (সিওপিডি)-তে ভুগছেন যাঁরা তাঁরাও ছোঁয়াচে রোগীদের থেকে দশহাত দূরে থাকুন।



নারী স্বাস্থ্যসেবায় এক নতুন যুগ
Pulse Clinic, মালদা শহরে

Pulse
Clinic & Diagnostic Center

Feel the Care. Trust the Pulse

আমাদের পরিষেবা

- ৪ ডি ইউ.এস.জি. • কালার ডপলার • ই.সি.জি. • ইকো
- প্যাথোলজি ও সব ধরনের রক্ত পরীক্ষা • মাল্টি-স্পেশালিটি ওপিডি

আমাদের এখানে প্রতিদিন নিয়মিত রোগী দেখেন


প্রখ্যাত স্ত্রী ও প্রসূতি রোগ বিশেষজ্ঞ

- নরমাল ও সিজারিয়ান ডেলিভারি
- জরায়ু ও টিউমার অপারেশন
- কার্ডের মাধ্যমে চিকিৎসার সুবিধা
- ফার্টিলিটি সমস্যার সমাধান
- উন্নত মানের গাইনি ও মাতৃত্বকালীন পরিষেবা
- ল্যাপরোস্কপি



ডাঃ সুদীপ রঞ্জন পাল
(ডাঃ এস. আর. পাল)
এম.এস. (গাইনি)
অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, মালদা মেডিক্যাল কলেজ ও হাসপাতাল
কৃত্রিম বুদ্ধিমত্তায় (A.I.) গিনিস ওয়ার্ল্ড রেকর্ড হোল্ডার

For Appointment
81166 44110
94334 41970



DR. SUDIP RANJAN PAL (DR. S. R. PAL)
M.S. (GYNAE), ASST. PROF. MALDA MEDICAL COLLEGE
GUINNESS WORLD RECORD HOLDER IN ARTIFICIAL INTELLIGENCE (A.I.), CONDUCTED BY N.B.E.M.S., GOVERNMENT OF INDIA.

পাল্‌স ক্লিনিক
(নর্থ বেঙ্গল নার্সিং হোমের বিপরীতে) দোতলায়,
(লিফট-এর ব্যবস্থা আছে) কে. জে. সান্যাল রোড, ইংরেজবাজার, মালদা।

নারী স্বাস্থ্য বিষয়ে অভিজ্ঞতা এবং আধুনিক প্রযুক্তি দুটোই জরুরি।
আর তাই আমরা নিয়ে এসেছি সেরাটি —

ডাঃ সুদীপ রঞ্জন পাল
(ডাঃ এস. আর. পাল)-কে।
একজন চিকিৎসক
যিনি গাইনোকোলজিতে মেধা,
শিক্ষকতা এবং প্রযুক্তির
অসাধারণ এক সমন্বয়।

ডাঃ সুদীপ রঞ্জন পাল
সম্পর্কে সংক্ষেপে জানুন
এম.বি.বি.এস., এম.এস.
(গাইনোকোলজি)
বিশুদ্ধ ক্লিনিক্যাল দক্ষতা ও দীর্ঘ অভিজ্ঞতা
অ্যাসিস্ট্যান্ট প্রফেসার
মালদা মেডিক্যাল কলেজ
যিনি আগামী দিনের ডাক্তার তৈরি করছেন
গিনিস ওয়ার্ল্ড রেকর্ড হোল্ডার
কৃত্রিম বুদ্ধিমত্তায়
(Artificial Intelligence)
যা পরিচালিত হয়েছে
NBEMS, ভারত সরকার দ্বারা।
যা গাইনোকোলজির সঙ্গে
AI-এর অসাধারণ এক মিলন।
ডাঃ পাল শুধু একজন চিকিৎসক নন — তিনি একটি প্রতিষ্ঠান। AI-ভিত্তিক জ্ঞান এবং ক্লিনিক্যাল দক্ষতার মিশ্রণে তিনি প্রতিটি রোগীকে দেন সঠিক, আধুনিক এবং মানবিক চিকিৎসা।

পালস ক্লিনিকে যা পাচ্ছেন
প্রতিদিন গাইনোকোলজি
কনসালটেশন
বয়ঃসন্ধি থেকে মেনোপজ,
প্রেগন্যান্সি কেয়ার থেকে
গাইনোকোলজিক সার্জারি
সবকিছু এক ছাদের নিচে।
সব ধরণের ব্লাড টেস্ট
পূর্ণাঙ্গ প্যাথলজিক্যাল টেস্ট
পালস ক্লিনিকেই আছে
সম্পূর্ণ সজ্জিত ডায়াগনস্টিক ল্যাব
দ্রুত, নির্ভুল ও সাশ্রয়ী মূল্যে।

ঠিকানা
পালসক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার,
দ্বিতীয় তল (লিফ্‌টের ব্যবস্থা আছে), নর্থ বেঙ্গল নার্সিং হোমের বিপরীতে, কে. জে. সান্যাল রোড, ইংরেজবাজার, মালদা, পশ্চিমবঙ্গ - ৭৩২১০১

মালদায় ফুলবাড়িতে
কালীপুজো

কালীপুজোর মণ্ডপে প্রবেশ করলেই দর্শনার্থীরা যেন ধীরে ধীরে পৌঁছে যাবেন বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অমর সৃষ্টি তারানাথ তান্ত্রিকের সেই রহস্যময় জগতে। তারানাথের পাশাপাশি মাতুপাগলি ও তারাসুন্দরীর মতো চরিত্রের উপস্থিতি এই উপস্থাপনায় বিশেষ মাত্রা যোগ করবে। তন্ত্রসাধনার পরিবেশ, রহস্যে মোড়া নানা ঘটনা, অলৌকিক আবহ এবং আলো-আঁধারির সমন্বয়ে দর্শকদের সামনে ফুটিয়ে তোলার চেষ্টা করা হচ্ছে এক অন্যরকম কল্পনার জগৎ। বর্ষকে স্মরণীয় করে রাখতে উদ্যোক্তারা বেছে নিয়েছেন এমন অভিনব বিষয়। প্রায় ২ লক্ষ টাকা বাজেটে আয়োজিত হচ্ছে এবারের পুজো। সীমিত বাজেটের মধ্যেই ভাবনার অভিনবত্ব এবং সৃজনশীলতার মাধ্যমে দর্শনার্থীদের মন জয় করাই তাঁদের লক্ষ্য।

দীর্ঘ ২৫ বছরের পথচলায় ফুলবাড়ি কালীপুজো কমিটির সঙ্গে জড়িয়ে রয়েছে এলাকার মানুষের আবেগ ও উৎসাহ। বছরের পর বছর ধরে পুজোকে ঘিরে তৈরি হয়েছে সামাজিক মিলনক্ষেত্র। আর



তবে এই সমস্ত রহস্যময় আয়োজনের কেন্দ্রে থাকবে মা কালীর আরাধনাই। এই অভিনব থিমের রূপ দিচ্ছেন মালদার তরুণ শিল্পী বিবেক দাস। তাঁর দাবি, "তারানাথ তান্ত্রিক সিনেমাটি বহুবার দেখেছি। প্রতিটি গল্প পড়েছি। তারপর যখন ক্লাব কর্তৃপক্ষ আমাকে এই থিম নিয়ে মণ্ডপ করার প্রস্তাব দেয় তখন লুফে নিয়েছি। কাজটা করে খুব আনন্দ পেয়েছি। আশাকরি দর্শকদেরও ভালো লাগবে।"

এবার ফুলবাড়ি কালীপুজো কমিটির পুজোর ২৫ বছর পূর্তি। রজতজয়ন্তী রজতজয়ন্তী বর্ষে তারানাথ তান্ত্রিকের রহস্যময় কাহিনিকে আশ্রয় করে সেই উৎসবেই নতুন মাত্রা যোগ করতে চাইছেন উদ্যোক্তারা।

এবার তাই ফুলবাড়ির কালীপুজোয় শুধু প্রতিমা দর্শন নয়, বাংলা সাহিত্যের এক রহস্যময় চরিত্রের কল্পজগতের সঙ্গে পরিচিত হওয়ারও সুযোগ পাবেন দর্শনার্থীরা। ২৫ বছরের আনন্দ-উৎসবকে স্মরণীয় করে রাখতে ফুলবাড়ির এই আয়োজন কতটা সাড়া ফেলে, এখন সেদিকেই তাকিয়ে এলাকাবাসী।

MMC Malda
NABH & ISO Certified Hospital

বহিঃ বিভাগের নিয়মিত ডাক্তারদের তালিকা

বিশেষজ্ঞ	ডাক্তারের নাম	উপস্থিতি
চর্মরোগ বিশেষজ্ঞ এবং সার্জেন	ডাঃ নিশান্ত আগরওয়ালা এমডি (স্কিন) গোল্ড মেডালিস্ট	প্রতিদিন
চক্ষু বিশেষজ্ঞ এবং সার্জেন	ডাঃ আঁচল আগরওয়াল এমবিবিএস, ডিও (রিও, কোল)	প্রতিদিন
গ্যাস্ট্রোএন্টেরোলজিস্ট	ডাঃ নিরাজ আগরওয়ালা এমডি, ডিএম	সোম থেকে শনি
	ডাঃ আবদুল্লাহ মহঃ হাসান এমডি, ডিএম	প্রতি শনিবার
	ডাঃ পর্ণা রায় মণ্ডল এমডি, ডিএম	সোম থেকে শনি
নেফ্রোলজিস্ট	ডাঃ শিল্পা মণ্ডল এমডি, ডিএম (নেফ্রোলজি)	প্রতি মাসে একবার আগামী তারিখ ১৩.১২.২০২৬
ইউরোলজিস্ট এবং সার্জেন	ডাঃ কুতুল পণ্ডিত এমএস, ডিএনবি	প্রতি মাসে একবার আগামী তারিখ ১৮.১১.২০২৬
	ডাঃ আশফাক আহমেদ গিলানি এমএস, এমআরসিএস, ডিএনবি	প্রতি মাসে একবার আগামী তারিখ ২৭.১১.২০২৬
	ডাঃ জয়দীপ ঘোষ এমএস, এমসিএইচ (ইউরোলজি)	প্রতি মাসে একবার
ইনফার্টিলিটি ক্লিনিক	ডাঃ সুপর্ণা ব্যানার্জী ডিজিও, এমডি, এমআরসিওজি	প্রতি মাসে একবার
হৃদরোগ বিশেষজ্ঞ (কার্ডিওলজিস্ট)	ডাঃ আসফাক আহমেদ এমডি, ডিএম (কার্ডিও)	প্রতি মাসে একবার
পেডিয়াট্রিক কার্ডিওলজিস্ট	ডাঃ নুরুল ইসলাম এমডি, এফএনবি	প্রতি মাসে একবার
কার্ডিওথোরাসিক সার্জেন	ডাঃ রাহুল বোস এমএস, এমসিএইচ (সিটিভিএস)	প্রতি মাসে একবার আগামী তারিখ ১৭.১১.২০২৬
ক্যান্সার বিশেষজ্ঞ	ডাঃ ঋতুপর্ণা বিশ্বাস এমডি (রেডিওথেরাপি)	প্রতি বুধবার এবং বৃহস্পতিবার
	ডাঃ অর্ণব রায়	প্রতি বুধবার
হেমাটোলজিস্ট এবং অনকোলজিস্ট	ডাঃ স্নেহা আগরওয়াল এমডি (মেডঅনি), এফএনবি (হেমাটো অনকোলজি)	প্রতি মাসে একবার আগামী তারিখ ২২.১১.২০২৬
ম্যাক্সিলো ফেসিয়াল হেড অ্যান্ড নেক অনকোলজিস্ট	ডাঃ রামানুজ ঘোষ এমডিএস	প্রতি মাসে একবার
নিউরো ফিজিসিয়ান	ডাঃ কৌশিক কর্মকার এমডি, ডিএনবি, ডিএম সিডিটি (নিউরো)	প্রতি মাসে একবার আগামী তারিখ ২২.১১.২০২৬
নিউরো সার্জেন	ডাঃ অশোক কুমার আচার্য এমএস, এমসিএইচ (নিউরো সার্জারি)	প্রতি মঙ্গল ও বুধবার
	ডাঃ অরিন্দিৎ চক্রবর্তী ডিএনবি (নিউরো সার্জেন)	প্রতি মাসে একবার আগামী তারিখ ২০.১১.২০২৬
অর্থোপেডিক সার্জেন	ডাঃ জিশান আজাদ এমএস (অর্থো)	প্রতিদিন (শনি – রবিবার বাদে)
	ডাঃ তন্ময় কর্মকার এমএস (অর্থো)	প্রতি মাসে একবার
জেনারেল ফিজিশিয়ান	ডাঃ মোস্তাক আহমেদ এমবিবিএস, ডিএনবি (পিজিটি)	প্রতিদিন (রবিবার বাদে)
	ডাঃ সন্দীপ আগরওয়ালা এমবিবিএস, সেন্ফোতে ফেলোশিপ	সোম, মঙ্গল, বৃহস্পতি, শনি
চেস্ট মেডিসিন	ডাঃ মহঃ ইকবাল হাসান এমডি (শ্বাসতন্ত্রের চিকিৎসা)	বৃহস্পতি, শুক্রবার, শনি
জেনারেল এবং ল্যাপারোস্কোপিক সার্জেন	ডাঃ রাকেশ মণ্ডল এমএস (গোল্ড মেডালিস্ট)	প্রতিদিন
	ডাঃ আবু আহমেদ এমএস	মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্রবার
নাক, কান, গলা বিশেষজ্ঞ এবং সার্জেন	ডাঃ জি.সি. গায়েন এমএস (ইএনটি)	প্রতিদিন (রবিবার বাদে)
	ডাঃ কাউসার আহমেদ এমএস (ইএনটি)	প্রতিদিন (বৃহস্পতি ও শুক্রবার বাদে)
স্ত্রীরোগ বিশেষজ্ঞ	ডাঃ পূজা আগরওয়াল এমএস (ও এবং জি)	প্রতিদিন (মঙ্গল ও বৃহস্পতিবার বাদে)
	ডাঃ খুশবু নাগরিন এমএস (ও এবং জি)	প্রতিদিন (রবিবার বাদে)
শিশুরোগ বিশেষজ্ঞ	ডাঃ দীপঙ্কর বসাক এমডি (পিএইডি)	প্রতিদিন
	ডাঃ রাহুল জৈন এমডি (পিএইডি)	প্রতিদিন (রবিবার বাদে)

২৪×৭ নার্সিং হোম পরিষেবা ও ৩৬৫ দিন ডায়াগনস্টিক ও ও.পি.ডি
TPA / ক্যাসলেশ ইন্স্যুরেন্স / প্যাকেজের সুবিধা উপলব্ধ।
মালদা মেডিক্যাল সেন্টার প্রাঃ লিঃ
কে. জে. সান্যাল রোড, মকদুমপুর, মালদা – ৭৩২১০৩
For Appointments 8170007650 • For Admission 9434052889
Find us www.mmchospitals.com

MMC SKIN INSTITUTE
এমএমসি স্কিন ইনস্টিটিউট
লেজার | স্কিন | হেয়ার | নেল | কসমেটিক

- **চর্ম, চুল এবং নখের সমস্ত চিকিৎসা** — চর্ম, চুল এবং নখের যেকোনো সমস্যার চিকিৎসা, স্কিন বায়োপসি ও সমস্ত পরীক্ষা-নিরীক্ষা আধুনিক মেশিনের সাহায্যে করা হয়।
- **স্কিন কেয়ার / থেরাপি** — কেমিক্যাল পিল, MNRF (এম.এন.আর.এফ), সোরাইশিস ও একজিমা ক্লিনিক।
- **লেজার চিকিৎসা** — হেয়ার রিমুভ্যাল, স্কার রিমুভ্যাল, ট্যাটু রিমুভ্যাল, ট্যান রিমুভ্যাল, তিল, আঁচিল অপসারণ ও সব ধরনের লেজার চিকিৎসা।
- **হেয়ার ট্রিটমেন্ট** — অতিরিক্ত চুল পড়া, অল্প বয়সে মাথায় টাক প্রভৃতি সমস্যার সমাধান, পি.আর.পি ও হেয়ার ট্রান্সপ্ল্যান্টেশন করা হয়।
- **সার্জারি** — স্কিন ও নখের সার্জারি, শ্বেতী চিকিৎসা ও গ্রাফ্ট সার্জারি করা হয়।

ডাঃ নিশান্ত আগরওয়ালা
এম.ডি (স্কিন), গোল্ড মেডালিস্ট
রুগী দেখছেন –
সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১.৩০ টা (প্রতিদিন)
সন্ধ্যা ৬.০০ টা থেকে ৭.৩০ টা (বৃহস্পতি ও রবিবার বাদে)
97499 97231 / 81700 81960 | www.drnishantagarwala.com

পনির, অ্যানালগ পনির এবং নকল পনির সম্পর্কে আলোচনা সহজ বাংলায় প্রশ্নোত্তরের মাধ্যমে নিচে তুলে ধরা হলো

১. পনির কীভাবে তৈরি হয় এবং আসল পনিরের মূল উপাদান কী?

উত্তর ঃ আসল পনির খাঁটি দুধ থেকে তৈরি হয়। দুধের মধ্যে ফ্যাট, ভিটামিন এবং দুই ধরনের প্রোটিন (নিউক্লিওটাইড বা হোয়ে প্রোটিন এবং কেসিন প্রোটিন) থাকে। দুধ গরম করে তাতে লেবুর রস বা কোনো অ্যাসিড মিশিয়ে দুধের দ্রাব মাত্রা কমানো হলে "কেসিন প্রোটিন" জমাট বেঁধে ফেটে যায়। এরপর তা ছেঁকে পানি ও হোয়ে (দ্রবত্রা) আলাদা করে নিলেই আসল পনির বা কেসিন প্রোটিন তৈরি হয়।

২. অ্যানালগ পনির (Analogue Paneer) কী?

উত্তর ঃ "অ্যানালগ" শব্দের অর্থ হলো কোনো কিছুর মতো দেখতে অন্য কিছু। অ্যানালগ পনির হলো এমন একটি পনির-সদৃশ পণ্য, যা দেখতে পনিরের মতো হলেও তা আসল দুধ দিয়ে তৈরি হয় না। এটি মূলত পানি, উদ্ভিজ্জ ফ্যাট (যেমন পাম অয়েল), স্টার্চ পাউডার, স্কিমড মিল্ক পাউডার, ইমালসিফায়ার এবং স্টেবিলাইজারের মিশ্রণে ল্যাবরেটরিতে বা কারখানায় তৈরি করা হয়।

৩. অ্যানালগ পনির এবং নকল পনির কি একই জিনিস? এদের মধ্যে পার্থক্য কী?

উত্তর ঃ না, অ্যানালগ পনির এবং নকল পনির এক নয়।

অ্যানালগ পনির এটি ভোজ্য উপাদান (যেমন উদ্ভিজ্জ তেল, স্টার্চ ও পাউডার) দিয়ে তৈরি করা হয় এবং দেখতে পনিরের মতোই হয়। আগে এটি তৈরি করা আইনসম্মত ছিল এবং এতে খাওয়ার উপযোগী উপাদানই ব্যবহার করা হতো। তবে নতুন নিয়ম অনুযায়ী, এগুলোতে সরাসরি "পনির" বা "Paneer" শব্দ বা লেবেল ব্যবহার করা নিষিদ্ধ করা হয়েছে, যাতে সাধারণ ক্রেতারা আসল ও নকল পনিরের তফাত বুঝতে পারেন এবং প্রতারিত না হন।

নকল পনির এটি আরও নিম্নমানের ও ক্ষতিকর উপায়ে তৈরি হয়, যাতে ক্ষতিকর রাসায়নিক, ডিটারজেন্ট বা ইউরিয়াও থাকতে পারে। এটি স্বাস্থ্যের জন্য অত্যন্ত বিপজ্জনক।

৪. পনিরের পরিবর্তে অ্যানালগ পনির খাওয়ার ফলে স্বাস্থ্যের কী ধরনের ক্ষতি হতে পারে?

উত্তর ঃ অতিরিক্ত ফ্যাট ও কোলেস্টেরল অ্যানালগ পনিরে পাম অয়েল বা উদ্ভিজ্জ ফ্যাট ব্যবহার করা হয়, যাতে প্রচুর পরিমাণে স্যাচুরেটেড ফ্যাট থাকে। এটি শরীরে খারাপ কোলেস্টেরল (জ্রঙ্গজ্র) বৃদ্ধি করে, যা হৃদরোগের ঝুঁকি বাড়িয়ে দেয়।

প্রোটিনের অভাব মানুষ সাধারণত পেশি গঠন বা পুষ্টির জন্য (যেমন পনির টিক্কা খেয়ে) প্রোটিন পাওয়ার আশা করে। কিন্তু অ্যানালগ বা নকল পনিরে পর্যাপ্ত দুধের প্রোটিন না থাকায় শরীর কাঙ্ক্ষিত পুষ্টি বা প্রোটিন পায় না, ফলে স্বাস্থ্যের ক্ষতি হয়।

হাইজিন বা স্বাস্থ্যঝুঁকি এ ধরনের প্রক্রিয়াজাত বা খোলা বাজারে তৈরি পণ্যে অনেক সময় অস্বাস্থ্যকর পানি ও উপাদানের কারণে পেটের পীড়া বা গুরুতর ফুড পয়জনিং হতে পারে।

৫. সরকারের নতুন নিয়ম বা পদক্ষেপ কী?

উত্তর ঃ ভারতের ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি (FSSAI) এবং মহারাষ্ট্রের এফডিএ (FDA) কমিশনার তুকারাম মুণ্ডে-এর মতো কর্মকর্তারা এ বিষয়ে কঠোর পদক্ষেপ নিচ্ছেন। নতুন ড্রাফট আইন অনুযায়ী, এখন থেকে কোনো নন-মিল্ক বা উদ্ভিজ্জ উপাদান দিয়ে তৈরি অ্যানালগ পণ্যের প্যাকেটে সরাসরি "পনির" বা "Paneer" শব্দ বা লেবেল ব্যবহার করা নিষিদ্ধ করা হয়েছে, যাতে সাধারণ ক্রেতারা আসল ও নকল পনিরের তফাত বুঝতে পারেন এবং প্রতারিত না হন।

রুবিতে মাথায় জটিল অস্ত্রোপচারে সুস্থ কিশোর

দু'চাকার গাড়ি দুর্ঘটনায় মাথায় গুরুতর আঘাত নিয়ে অচেতন অবস্থায় রুরি জেনারেল হসপিটালে ভর্তি হয় ১৩ বছরের এক কিশোর। মাথার খুলি একাধিক জায়গায় ভেঙে গিয়ে হাড়ের টুকরো ভিতরে ঢুকে গিয়েছিল। গ্লাসগো কোম উ স্কেলে (জিসিএস) তার স্কোর ছিল E2V2M5, যা ইঙ্গিত দেয় গুরুতর মাথর আঘাতের। শিশুরোগ বিশেষজ্ঞ, আইসিইউ ও নিউরো অ্যানেস্থেশিয়া দলের সহযোগিতায় করা হয় দ্রুত জরুরি অস্ত্রোপচার। ভেঙে ভিতরে ঢুকে যাওয় হাড়ের টুকরে সরানোর সময় দেখা যায়, মথর শীর্ষভাগের একটি হাড়ের টুকরো সুপিরিয়র সরজিটাল সাইনাসে ক্ষত তৈরি করেছে। অস্ত্রোপচারের সময় সেই জটিলতা সফলভাবে নিয়ন্ত্রণ করা হয়।

অস্ত্রোপচারের পর ধীরে ধীরে কিশোরের স্নায়বিক অবস্থার উন্নতি হয় এবং সফলভাবে ভেন্টিলেটর থেকে তাকে বর কর সম্ভব হয়। জিপিএস বেড়ে হয় E4V5MB। বর্তমানে সে হাঁটাচলা করতে পারছে এবং সুস্থ অবস্থায় হসপিটাল থেকে বাড়ি ফিরেছে।

এই জরুরি সফল অস্ত্রোপচারের নেতৃত্বে ছিলেন হসপিটালের কনসালট্যান্ট নিউরোসার্জন ডা. বিপ্লব সিং। তাঁর পরামর্শ, পথ দুর্ঘটনায় মাথায় আঘতের ক্ষেত্রে সময় অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পড়ুয়াদের ভোগাচ্ছে 'টেক নেক'

অধ্যাপক ডা. চিন্ময় নাথ ঃ কনসালট্যান্ট অর্থোপেডিক স্পাইন সার্জন অ্যাপোলো মাল্টিস্পেশালিটি হসপিটাল, কলকাতা

পড়াশোনার প্রয়োজনে হোক ব অবসর, স্কুলপড়ুয়াদের দিনের একটা বড় সময়ই এখন কাটে স্ক্রিনের সামনে। কোভিডের পর পড়াশোনায় মোবাইল- নির্ভরতা বেড়েছে। কিন্তু প্রয়োজনের অতিরিক্ত স্ক্রিন টাইম আর দীর্ঘক্ষণ ঘাড় নিচু করে ফোন দেখার অভ্যাসে কিশোর-কিশোরীদের মধ্যে বাড়ছে ঘড়ে ব্যথা।

ঘাড় ঝুঁকেই যত বিপদ

মোবইল দেখার সময় ফোনটি সাধারণত বুক বা কোমরের কাছাকাছি থাকে। ফলে স্ক্রিন দেখতে মাথা সামনের দিকে ঝুঁকিয়ে রাখতে হয়। এই অবস্থায় যত বেশি সময় কাটে, ঘাড়ের পেশির উপর তত বেশি চাপ পড়ে। প্রথমে পেশিতে টান, শক্তভাব ও ব্যথা শুরু হয়। কিন্তু অভ্যাসটি দীর্ঘদিন চলতে থাকলে সমস্য আরও গভীরে যেতে পারে। ঘড়ে মেরুদণ্ডের হাড়গুলির মাঝখানে থাকে ইন্টারভার্টিব্রাল ডিস্ক। দীর্ঘক্ষণ ভুল ভলিতে থাকার ফলে সার্ভাইকাল স্পাইনের উপর বাড়তি চাপ পড়ে। সময়ের সঙ্গে ডিস্ক ও মেরুদণ্ডের বিভিন্ন অংশে সমস্য তৈরি হওয়ার আশঙ্কা থাকে। দীর্ঘক্ষণ ঘড় নিচু করে মোবাইল বা ট্যাব ব্যবহারের কারণে তৈরি এই সমস্যাকে বলা হয় "টেক নেক"।

ব্যথা নামতে পারে হাতে

ঘাড়ের মেরুদণ্ডের ভিতর দিয়ে গুরুত্বপূর্ণ নার্ভ বেরিয়ে হাতের দিকে গেছে। তাই ঘাড়ের সমস্যা শুধু ঘড়েই আটকে থাকে না। নার্ভে চাপ বা ইরিটেশন তৈরি হলে খড় থেকে কাধ বাহু হয়ে হাতে ব্যথা ছড়াতে পারে। সমস্য বাড়লে হাত বা আঙুলে ঝিনঝিনি, অবশভাব বা অনুভূতি কমে যাওয়ার মতো লক্ষণ দেখা দিতে পারে। কোনও কোনও ক্ষেত্রে হাতের পেশির জোরও কমতে পারে। তবে এগুলি কেবলমাত্র গুরুতর ক্ষেত্রেই দেখা যায়। এমন উপসর্গ শুরু হলে অবহেলা করা একদম উচিত নয়।

মোবাইল থাক, অভ্যাস বা পড়াশোনার প্রয়োজনেই যখন মোবাইল ব্যবহার করতে হচ্ছে, তা একেবারে নিষেধাজ্ঞা সমাধান নয়। বরং কীভাবে এবং কতক্ষণ ব্যবহার করা হচ্ছে, সেটাই গুরুত্বপূর্ণ। ফোন বা ট্যাব যতটা সম্ভব চোখের সমতলের কাছাকাছি রাখ, দীর্ঘক্ষণ ঘাড় নিচু করে না থাকা এবং নিয়মিত বিরতি নেওয়া দরকার। নিতান্ত জরুরি কারণ ছাড়া ছাত্রছাত্রীদের মোবাইল ফোন ও ডিজিটাল ট্যাব থেকে দূরে থাকাই বুদ্ধিমানের কাজ। পাশাপাশি পর্যাপ্ত ঘুম, খেলাধুলা ও শারীরিক সক্রিয়তার জন্য আলাদা সময় রাখতে হবে। ঘাড়ের ব্যথা বারবার হলে বা ব্যথার সঙ্গে হাতে ঝিনঝিনি, অবশভাব বা হাতের জোর কমে যাওয়ার মতো লক্ষণ দেখা দিলে বিষয়টি অবহেল না করে চিকিৎসকের পরামর্শ নেওয়াই নিরাপদ।

সিভিল সার্ভিস পেতে স্নাতক হোন পাবলিক অ্যাডমিন-এ

ভারতে সরকারি ও প্রশাসনিক ব্যবস্থার বিস্তার ও জনমানসে তার প্রভাব অত্যন্ত জটিল এবং ব্যাপক। এই ব্যবস্থাপনা বুঝতে হলে পড়তে হবে বিএ ইন পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড গভর্নেন্স। অনবদ্য এই কোর্সে রয়েছে শক্তিশালী কেরিয়ারের দুর্দান্ত সম্ভাবনাও।

শিক্ষাগত যোগ্যতা

উচ্চ মাধ্যমিক (দ্বাদশ) পরীক্ষায় একটি স্বীকৃত বোর্ড থেকে পাশ করতে হয় সাধারণত সোশ্যাল সায়েন্স শাখায়। তবে অন্যান্য শাখার ছাত্রছাত্রীরাও এই কোর্সের জন্য যোগ্য হতে পারেন, তবে ওই ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে নানা রকম শর্ত থাকে। বেশিরভাগ প্রতিষ্ঠান ন্যূনতম ৫০ নম্বর অর্জন করার শর্ত দেয়, তবে এটি প্রতিষ্ঠানের উপরে নির্ভর করে এবং পরিস্থিতি অনুযায়ী তা কিছুটা পরিবর্তিতও হতে পারে। বেশ কিছু বিশ্ববিদ্যালয় মেধার ভিত্তিতে ভর্তি করে, তবে কিছু প্রতিষ্ঠান প্রবেশিকার পরীক্ষা নেয়।

উচ্চশিক্ষা

বিএ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড গভর্নেন্স কোর্স শেষে ছাত্রছাত্রীরা বিভিন্ন উচ্চতর শিক্ষার সুযোগ নিতে পারেন। যেমন, মাস্টার ইন পাবলিক পলিসি বা মাস্টার ইন পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন নিয়ে স্নাতকোত্তর কোর্স করতে পারেন। অনেকে ইউপিএসসি, সিভিল সার্ভিস পরীক্ষায় অংশ নেন এবং আইএএস, আইপিএস বা আইএফএস এর মতো মর্য্যাদাপূর্ণ সিভিল সার্ভিসে যোগ দিতে পারেন। বহু পড়ুয়া পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের মতো বিষয়গুলিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সও হয়।

কেরিয়ারে সম্ভাবনা ঃ সাধারণত আইএএস, আইপিএস, আইএফএস এর মতো সিভিল সার্ভিসে অনেকে যোগ দিতে চান। অজস্র পড়ুয়া পাবলিক সেক্টর এন্টারপ্রাইজ, সরকারি নানা সংস্থা বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে প্রশাসনিক কর্মকর্তা বা ম্যানেজার হিসেবে কাজ করার সুযোগ রয়েছে। এনজিওতে প্রজেক্ট ম্যানেজার, পলিসি অ্যানালিস্ট বা রিসার্চার হিসেবে কাজ করা যায়। সরকারি সংস্থা, আন্তজাতিক সংস্থায় থিংক ট্যাঙ্ক বা পলিসি অ্যানালিস্ট হিসেবে কাজ করার সুযোগ রয়েছে। কলেজে শিক্ষক হিসেবেও যোগ দিতে পারেন। পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটি পড়ুয়াদের দেশের শাসন প্রশাসনিক কাঠামো এবং পাবলিক পলিসির উপরে একটি সুদৃঢ় জ্ঞান প্রদান করে, যা সরকারি নানা পরিষেবা সিভিল সার্ভিস এবং পাবলিক অ্যাডমিনে একটি সফল কেরিয়ার গঠনে সাহায্য করে। এই কোর্সে উত্তীর্ণ পড়ুয়ারা সরকারি নিয়োগ সংক্রান্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির সময় সুবিধে পেয়ে থাকেন।

তথ্য সহায়তা ড. নমিতা দে ভৌমিক, অধ্যাপক, পলিটিক্যাল সায়েন্স স্কুল অফ লিবারাল আর্টস অ্যান্ড কালচার স্টাডি।

বিবেকবাণী

✤ কোনও বড় কাজই কঠোর পরিশ্রম ও কষ্ট স্বীকার ছাড়া হয়নি।

✤ সারাদিন চলার পথে যদি কোনও সমস্যার সম্মুখীন না হও, তাহলে বুঝবে তুমি ভুলপথে চলেছ।

✤ এমন কাজ করে চলো যে তুমি হাসতে হাসতে মরবে আর জগৎ তোমার জন্য কাঁদবে।

✤ আমি বিশ্বাস করি যে, কেউ কিছু পাওয়ার উপযুক্ত হলে জগতের কোনও শক্তিই তাকে বঞ্চিত করতে পারে না।

✤ শিক্ষা হচ্ছে মানুষের মধ্যে ইতিমধ্যে থাকা উৎকর্ষের প্রকাশ।

✤ যখন আমাদের মধ্যে অহঙ্কার থাকে না, তখনই আমরা সবথেকে ভালো কাজ করতে পারি, অপরকে আমাদের ভাবে সবচেয়ে বেশি অভিভূত করতে পারি।

✤ মনের মতো কাজ পেলে অতি মূর্খও করতে পারে। যে সকল কাজকেই মনের মতো করে নিতে পারে, সেই বুদ্ধিমান। কোনও কাজই ছোট নয়।

✤ যেরকম বীজ আমরা বুনি, সেরকমই ফসল আমরা পাই। আমরাই আমাদের ভাগ্য তৈরি করি, তার জন্য কাউকে দোষারোপ করার কিছু নেই, কাউকে প্রশংসা করারও কিছু নেই।



